লিভো
Livo

ব্যবহারকারীর নির্দেশিকা
Owner's Manual

BHL বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেড

স্বাগতম

এই মোটরসাইকেল আপনাকে একটি চ্যালেঞ্জ করে এই যন্ত্রটি সম্পর্কে জানার জন্য, একটি দুঃসাহসিক অভিযানের চ্যালেঞ্জ। আপনি বায়ুর মধ্য দিয়ে চালনা করেন, সড়কের সাথে একটি মোটরসাইকেলের মাধ্যমে সম্পর্কযুক্ত থাকেন যা আপনার নির্দেশে সাড়া দেয় যেরকমটি অন্য কেউ করে না। একটি অটোমোবাইলের তুলনায় এখানে আপনার চারপাশে কোন ধাতব খাঁচা নেই। একটি বিমানের মতো একটি প্রাক চালনা পরিদর্শন এবং নিয়মিত রক্ষনাবেক্ষন আপনার নিরাপত্তার জন্য প্রয়োজনীয়। আপনার পুরষ্কার হচ্ছে স্বাধীনতা।

নিরাপদভাবে চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার জন্য এবং দুঃসাহসিক অভিযান সম্পূর্ণরূপে উপভোগ করার জন্য আপনাকে এই মোটরসাইকেল চালানোর আগে এই ব্যবহারকারীর নির্দেশিকার সাথে ভালোভবে জানাশোনা থাকতে হবে।

যখন আপনি এই নির্দেশিকা পড়বেন আপনি তথ্য দেখতে পাবেন যার আগে একটি **নোটিশ** প্রতীক দেওয়া হয়েছে। এই তথ্য আপনার মোটরসাইকেল, অন্যান্য সম্পত্তি বা পরিবেশের ক্ষতি এড়ানোর জন্য আপনাকে সাহায্য করার জন্য পরিকল্পিত হয়েছে।

যখন সেবার প্রয়োজন হবে মনে রাখবেন যে আপনার হোন্ডা ডিলার আপনার মোটরসাইকেল সম্পর্কে জানে। যদি আপনার প্রয়োজনীয় যান্ত্রিক জ্ঞান ও হাতিয়ারসমূহ থাকে আপনাকে ডিলার একটি দাপ্তরিক হোন্ডা সপ ম্যানুয়াল পরিশোধের ভিত্তিতে সরবরাহ করতে পারে যার মাধ্যমে আপনি অনেক রক্ষনাবেক্ষন এবং মেরামত কাজ সম্পাদন করতে পারবেন। ব্যাখ্যাতে প্রদর্শিত সরঞ্জামসমূহ প্রমিত যন্ত্রের অংশ না।

যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য অনুগ্রহ করে বাংলাদেশ হোন্ডা হেল্পলাইন নাম্বারঃ **০৮ ০০০ ৪৩০ ৪৩০** (টোল ফ্রি) নম্বরে কল করুন: যোগাযোগের সময় - সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন এবং সরকারি ছুটি ব্যতীত)।
ওয়েব: www.bdhonda.com, ইমেইল: info@bdhonda.com, ফেইসবুক: facebook.com/bdhondaoffical/

আনন্দময় ভ্রমন এবং একটি হোন্ডা বাছাই করে নেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ !

- বিশদ বিবরনসমূহ প্রতিটি স্থানের সাথে পরিবর্তিত হতে পারে।

লিভো

গুরুত্বপূর্ণ তথ্যাবলী

- **চালক এবং পিছনের যাত্রী**

এই মোটরসাইকেলটি যাতে চালক এবং একজন পিছনের যাত্রী বহন করতে পারে সেই ভাবেই ডিজাইন করা হয়েছে। সর্বোচ্চ ওজন ধারণক্ষমতার সীমা কখনো অতিক্রম করবেন না।

- **সড়কের উপর ব্যবহার**

এই মোটরসাইকেলটি যাতে শুধুমাত্র সড়কে ব্যবহার করা যায় সেভাবে ডিজাইন করা হয়েছে

- **ব্যবহারকারীর নির্দেশিকা সতর্কতার সাথে পড়ুন**

সম্পূর্ণ নির্দেশিকায় প্রদত্ত নিরাপত্তা বার্তার প্রতি বিশেষ মনোযোগ দিন।
এই নির্দেশিকাটি মোটরসাইকেলের একটি স্থায়ী অংশ হিসেবে বিবেচিত হবে এবং পুনরায় বিক্রয়ের সময় মোটরসাকেলের সাথে থাকতে হবে।

এই প্রকাশনার সকল তথ্য মুদ্রণের সময় প্রাপ্ত উৎপাদনের সর্বাধুনিক তথ্যের ভিত্তিতে প্রদান করা হয়েছে। হোন্ডা মোটর কোং লি. যেকোন সময় কোনরূপ নোটিশ এবং কোনরূপ বাধ্যবাধকতা ব্যতিরেকে যেকোন ধরনের পরিবর্তন সাধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

লিখিত অনুমতি ব্যতীত এই প্রকাশনার কোন অংশ পুনরায় মুদ্রণ করা যাবে না।

সূচীপত্র

পৃষ্ঠা

ক্যাটলিটিক কনভার্টার..... ১
নিরাপত্তা সম্পর্কে কয়েকটি কথা..... ২
মোটরসাইকেলের নিরাপত্তা..... ৩
গুরুত্বপূর্ণ নিরাপত্তা তথ্য..... ৩
প্রতিরক্ষামূলক পোশাক..... ৪
লোড সীমা এবং নির্দেশিকা..... ৫
অ্যান্টি-থেফট্ টিপস্..... ৭
যন্ত্রাংশের অবস্থান..... ৮
সিরিয়াল নাম্বার..... ১০
যন্ত্রপাতি এবং ইন্ডিকেটর..... ১০
প্রধান উপাদানসমূহ..... ১৫
(এই মোটরসাইকেলটি অপারেট
করার ক্ষেত্রে গুরুত্বপুর্ণ তথ্য)
সাসপেনশন..... ১৫
ব্রেকসমূহ..... ১৬
ক্লাচ..... ১৯

পৃষ্ঠা

ফুয়েল..... ২০
এভাপোরেটিভ ইমিশন কন্ট্রোল সিস্টেম..... ২২
ইঞ্জিন অয়েল..... ২৩
টায়ারসমূহ..... ২৩
প্রয়োজনীয় একক
উপাদানসমূহ..... ২৭
ইগনিশন স্যুইচ..... ২৭
ডানদিকের হ্যান্ডেলবার নিয়ন্ত্রণ..... ২৮
বামদিকের হ্যান্ডেলবার নিয়ন্ত্রণ..... ২৮
বৈশিষ্ট্য..... ২৯
(অপারেশনের জন্য প্রয়োজন নেই)
স্টিয়ারিং লক..... ২৯
হেডলাইট এইম ভার্টিক্যাল এডজাস্টমেন্ট..... ৩০
বাম সাইডের কভার..... ৩০
ডান সাইডের কভার..... ৩১
স্টোরেজ কম্পার্টমেন্ট ও ফার্স্ট এইড কিট..... ৩১

সূচীপত্র

পৃষ্ঠা

অপারেশন.....৩২
প্রি রাইড ইন্সপেকশন.....৩২
ইঞ্জিন চালু করা.....৩৩
রাইডিং.....৩৫
মোটর সাইকেল চালনা.....৩৫
ব্রেকিং.....৩৬
পার্কিং.....৩৭
মেইটেনেন্স.....৩৮
মেইটেনেন্স প্রয়োজনীয়তা.....৩৮
মেইটেনেন্স সংক্রান্ত নিরাপত্তা.....৩৮
নিরাপত্তা.....৩৯
মেইটেনেন্স সিডিউল.....৪০
টুল কিট.....৪৩
কালার কোড.....৪৩
ইঞ্জিন অয়েল.....৪৩
ক্রাঙ্কেস ব্রিদার.....৪৫
স্পার্ক প্লাগ.....৪৬
ভালভ ক্লিয়ারেন্স.....৪৭
আইডেল স্পিড.....৪৯

পৃষ্ঠা

থ্রোটল অপারেশন.....৪৯
এয়ার ক্লিনার.....৫০
ড্রাইভ চেইন.....৫১
সামনের এবং পিছনের সাসপেনশন.....৫৬
সাইড স্ট্যান্ড.....৫৬
চাকা অপসারণ.....৫৬
ব্রেক প্যাড ক্ষয় (ডিস্কের জন্য).....৬১
ব্রেক স্যু ক্ষয়.....৬২
ব্যাটারি.....৬৩
ফিউজ প্রতিস্থাপন.....৬৪
স্টপ লাইট স্যুইচ এডজাস্টমেন্ট.....৬৬
বাল্ব প্রতিস্থাপন.....৬৭
ক্লিনিং.....৬৯
স্টেরেজ গাইড.....৭১
স্টোরেজ.....৭১
স্টোরেজ থেকে অপসারণ.....৭২
স্পেসিফিকেশন.....৭৩

ক্যাটালাইটিক কনভার্টার

এই মোটরসাইকেলে ক্যাটালাইটিক কনভার্টার আছে।

ক্যাটালাইটিক কনভার্টারে মূল্যবান ধাতু থাকে যা অনুঘটক হিসেবে কাজ করে এবং ধাতুগলোকে প্রভাবিত না করে নিষ্কাশন গ্যাসে রূপান্তরের জন্য রাসায়নিক বিক্রিয়াকে বেগবান করে।

ক্যাটালাইটিক কনভার্টার HC(হাইড্রোকার্বন), CO(কার্বন মনোঅক্সাইড), Nox(নাইট্রোজেন অক্সাইড) এর উপর কাজ করে।
প্রতিস্থাপিত ইউনিটটি অবশ্যই আসল হোন্ডার অংশ অথবা তার সমতূল্য হতে হবে।

রাসায়নিক বিক্রিয়া চালুর জন্য ক্যাটালাইটিক কনভার্টারকে অবশ্যই উচ্চ তাপমাত্রায় কাজ করাতে হয়। এটি এর নিকটে আসা যেকোনো দাহ্য পদার্থে আগুন রাগাতে পারে। আপনার মোটরসাইকেলটিকে ঘাস, শুকনো পাতা বা অন্যান্য জ্বলনযোগ্য পদার্থ থেকে দূরে রাখুন।
একটি ত্রুটিপূর্ণ ক্যাটালাইটিক কনভার্টার বায়ু দূষণ করতে পারে এবং আপনার মোটরসাইকেল এর ইঞ্জিনের কর্মদক্ষতার ক্ষতি করতে পারে।
আপনার মোটর সাইকেলের ক্যাটালাইটিক কনভার্টারকে রক্ষা করতে নিচের নির্দেশগুলো মেনে চলুন।

- সর্বদা লেডবিহীণ অকটেন ব্যবহার করুন। এমনকি সামান্য লেডযুক্ত অকটেন ও অনুঘটক ধাতুগুলোকে দূষিত করতে পারে। ক্যাটাইলিট কনভার্টারকে অকার্যকর করে তোলে।
- ইঞ্জিন টিউন-আপ রাখুন।
- আপনার মোটরসাইকেল যদি সঠিকভাবে চালিত না হয়, ব্যাকফায়ারিং স্টলিং হয় তাহলে তা সনাক্ত করুন এবং প্রতিস্থাপন করুন। অন্যথায় এটি ঠিকভাবে চলবে না।

নিরাপত্তা সম্পর্কিত কিছু কথা:

আপনার এবং অন্যদের নিরাপত্তা খুবই গুরুত্বপূর্ণ। এই মোটরসাইকেল সঠিক ভাবে চালানো একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। নিরাপত্ত সম্পর্কে সঠিক সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনাকে সহায়তা করার জন্য আমরা কর্ম-সংক্রান্ত প্রক্রিয়াসমূহ ও অন্যান্য তথ্য এর লেভেলের উপর নির্দেশিকাতে প্রদান করেছি। এই তথ্যগুলো আপনাকে অথবা অন্যদের আঘাত করতে পারে এমন বিপদ থেকে সতর্ক করবে। অবশ্যই একটি মোটরসাইকেল চালনা অথবা রক্ষণাবেক্ষণের সাথে সম্পর্কিত সকল বিপদ সম্পর্কে সতর্ক করা সম্ভব না বা বাস্তবিকও না। আপনাকে অবশ্যই নিজস্ব বিচার বুদ্ধি ব্যবহার করতে হবে।

আপনি বিভিন্ন আকারে গুরুত্বপূর্ণ তথ্য খুঁজে পাবেন যাতে সংযুক্ত থাকবেঃ

- **নিরাপত্তা লেভেল -** মোটরসাইকেলটির উপর।
- **নিরাপত্তা বার্তা** - অগ্রবর্তী নিরাপত্তা সংকেত ⚠ এবং তিনটির যেকোনো একটি সিগন্যাল শব্দঃ **বিপদ, সতর্কতা বা সাবধানতা।** এগুলোর মানে হলঃ

⚠ বিপদ আপনি নিহত অথবা মারাত্মকভাবে আহত হতে পারেন যদি আপনি নির্দেশনা অনুসরণ না করেন।

⚠ সতর্কতা আপনি নিহত অথবা মারাত্মকভাবে আহত হতে পারেন যদি আপনি নির্দেশনা অনুসরণ না করেন।

⚠ সাবধানতা আপনি আহত হতে পারেন যদি আপনি নির্দেশনা অনুসরণ না করেন।

- **নিরাপত্তা শিরোনাম -** যেমন গুরুত্বপূর্ণ স্মরণ চিহ্ন বা গুরুত্বপূর্ণ নিরাপত্তা পূর্ব সংকেত।
- **নিরাপত্তা শিরোনাম -** যেমন মোটরসাইকেলের নিরাপত্তা।
- **নিরাপত্তা শিরোনাম -** কীভাবে মোটরসাইকেল সঠিকভাবে ও নিরাপদভাবে চালানো যায়।

এই সম্পূর্ণ নির্দেশিকাটি গুরুত্বপূর্ণ নির্দেশনায় পরিপূর্ণ অনুগ্রহপূর্বক ভাল ভাবে পড়ুন।

মোটরসাইকেলের নিরাপত্তা

গুরুত্বপূর্ণ নিরাপত্তা তথ্য

আপনার মোটরসাইকেল আপনাকে অনেক বছরের সেবা এবং আনন্দ দিতে পারে যদি আপনি নিজের নিরাপত্তার এবং সড়কে সম্মুখীন চ্যালেঞ্জের দায়িত্ব নিতে পারেন।
মোটরসাইকেল চালানেরা সময় নিজের নিরাপত্তার জন্য আপনি অনেক কিছু করতে পারেন। এই সংক্রান্ত অনেক তথ্য আপনি এই ম্যানুয়াল ও পাবেন। নিচে সর্বাধিক গুরুত্বপূর্ণ কিছু তথ্য বর্ণিত হল।

সর্বদা হেলমেট পরিধান করুন

এটি একটি প্রমাণিত সত্য: হেলমেট ব্যবহার মাথায় আঘাত পাওয়ার সংখ্যা ও প্রকটতা উল্লেখযোগ্য হারে কমিয়ে আনে। তাই সর্বদা হেলমেট পরিধান করুন এবং আপনার পেছনের যাত্রীর জন্যও তা নিশ্চিত করুন। আমরা আরো সুপারিশ করব যেন আপনি চোখে প্রতিরক্ষা ব্যবস্থা, শক্ত বুট, গ্ল্যাভস ও অন্যান্য প্রতিরক্ষামূলক পোশাক পরিধান করেন। পৃষ্ঠা ৪

নিজেকে সহজে দৃশমান করুন

কিছু চালক মোটরসাইকেল দেখতে পান না কারণ তারা তাদের খুঁজে পান না। নিজেকে আরো দৃশ্যমান করতে প্রতিবিম্ব তৈরি করে এমন উজ্জ্বল পোশাক পরুন, এমন অবস্থানে থাকুন যাতে ঘুরা বা লেন পরিবর্তনের সময় অন্যান্য চালকগণ আপনাকে দেখতে পারে এবং হর্ণ ব্যবহার করুন যা অন্যদের আপনাকে লক্ষ্য করতে সাহায্য করে।

আপনার নির্দিষ্ট সীমার মধ্যে গাড়ি চালান

সীমা অতিক্রম করে গাড়ি চালানো দুর্ঘটনার একটি মুখ্য কারণ। নিজস্ব ক্ষমতা বা নির্দেশিত সীমা অতিক্রম করে গাড়ি চালাবেন না। মনে রাখবেন, অ্যালকোহল, মাদক, ক্লান্তি ও অমনোযোগিতা মোটরসাইকেল চালানোর জন্য আপনার বিচক্ষণতা এবং সক্ষমতা উল্লেখযোগ্য হারে হ্রাস করে।

আপনার মোটরসাইকেল নিরাপদ অবস্থায় রাখুন

নিরাপদে চালানোর জন্য প্রতিবার চালানোর আগে মোটরসাইকেলটি পরিদর্শন করা ও সুপারিশকৃত রক্ষণাবেক্ষণ নিশ্চিত করুন। কখনো বোঝাই এর সীমা অতিক্রম করবেন না এবং এই মোটরসাইকেলের জন্য সবর্দা হোন্ডা কর্তৃক অনুমোদিত আনুসঙ্গিক উপকরণ ব্যবহার করুন।

চালানোর সময় মদ্যপান করবেন না

অ্যালকোহল সেবন এবং মোটরসাইকেল চালানো একত্রে করবেন না। এমনকি একটি পানীয় পরিবর্তিত পরিস্থিতিতে আপনার সক্ষমতা হ্রাস করতে পারে এবং আপনি যতই পান করবেন, পরিবর্তিত পরিস্থিতিতে আপনার সাড়া দেওয়ার সময় ততই খারাপ হতে থাকবে। তাই, পান করা এবং গাড়ি চালানো একত্রে করবেন না এবং আপনার বন্ধুকেও দিবেন না।

সুরক্ষামূলক পোশাক

আপনার সুরক্ষার জন্য আমরা কঠোরভাবে সুপারিশ করবো যাতে আপনি মোটরসাইকেল চালানোর সময় সর্বদা অনুমোদিত হেলমেট, চোখের সুরক্ষা, বুট, গ্লাভস, লম্বা প্যান্ট এবং লম্বা হাতওয়ালা শার্ট অথবা জ্যাকেট পরিধান করেন। যদিও সম্পূর্ণ সুরক্ষা সম্ভব নয়, তারপরও যথাযথ পোশাক আহত সম্ভাবনা হ্রাস করতে পারে।
নিম্নোক্ত পরামর্শগুলো যথাযথ যন্ত্র বাছাই করতে আপনাকে সাহায্য করতে পারে।

⚠ সতর্কতা

হেলমেট পরিধান না করা মাত্মক আহত বা দুর্ঘটনায় মৃত্যুর সম্ভাবনা বৃদ্ধি করে।
আপনি এবং আপনার পেছনের যাত্রী যাতে সর্বদা হেলমেট, চোখের সুরক্ষা এবং অন্যান্য প্রতিরক্ষামূলক পোশাক পরিধান করে তা নিশ্চিত করুন।

হেলমেট এবং চোখের সুরক্ষা

মোটরসাইকেল চালানোর সরঞ্জামের মধ্যে অন্যতম হল হেলমেট কারণ এটি মাথার আঘাতের ক্ষেত্রে সর্বাধিক সুরক্ষা প্রদান করে। হেলমেটটি আপনার মাথার জন্য আরামদায়ক এবং নিরাপদ হতে হবে। একটি উজ্জ্বল হেলমেট রাস্তায় আপনাকে আরো দৃশ্যমান করে তুলে যেহেতু এর রেখাচিত্রমালা প্রতিফলিত হবে।

গাড়ি চালানোর অতিরিক্ত সরঞ্জাম

হেরমেট এবং চোখের সুরক্ষার সাথে আমরা আরো সুপারিশ করছিঃ

- পায়ের পাতা ও গোড়ালি রক্ষা করতে নন-স্লিপ জুতার তলিযুক্ত বুট পরিধান করুন।
- হাত উষ্ণ রাখতে এবং ফোশকা, ক্ষত, পুড়ে যাওয়া ও থেঁতলানো থেকে রক্ষা পেতে চামড়ার গ্লাভস ব্যবহার করুন।
- আরাম ও সুরক্ষার জন্য মোটরসাইকেল চালনা স্যুট বা জ্যাকেট পরুন। উজ্জ্বল ও প্রতবিম্বিত পোশাক রাস্তায় আপনাকে আরও বেশি দৃশ্যমান করবে। ঢিলা পোশাক পরা থেকে বিরত থাকুন যেহেতু তা মোটরসাইকেলের কোন অংশের সাথে আটকে যেতে পারে।

লোড লিমিট ও গাইডলাইন

আপনার মোটরসাইকেলটি আপনি এবং একজন যাত্রী বহন করার জন্য ডিজাইন করা। যাত্রী বহন করলে আপনি এক্সেলারেশন ও ব্রেকে কিছু ভিন্নতা অনুভব করবেন। কিন্তু যতদিন আপনি মোটরসাইকেলটি ভাল টায়ার এবং ব্রেকসহ ভালভাবে রক্ষণাবেক্ষণ করবেন, ততদিন আপনি নিরাপদে প্রদত্ত সীমা ও নির্দেশনার মধ্যে বোঝাই বহন করতে পারবেন।

তাছাড়া ওজন সীমা অতিক্রম অথবা ভারসাম্যহীন বোঝাই বহন আপনার মোটরসাইকেলটির পরিচালনা, ব্রেক ও স্থিরতাকে মারাত্মকভাবে প্রভাবিত করতে পারে। হোন্ডার নয় এমন সরঞ্জাম, অনুপযুক্ত পরিবর্তন এবঙ বাজে রক্ষণাবেক্ষণ আপনার নিরাপত্তার মাত্রা হ্রাস করতে পারে।

পরবর্তী পৃষ্ঠাগুরো বোঝাই, সাজসরঞ্জাম ও পরিবর্তন সম্পর্কে আরো নির্দিষ্ট তথ্য প্রদান করবে।

লোডিং

কি পরিমাণ বোঝাই কীভাবে আপনি আপনার মোটরসাইকেলে দিতে পারবেন তা আপনার নিরাপত্তার জন্য খুবই জরুরি। যেকোন সময় যাত্রী অথবা কার্গো নিয়ে মোটরসাইকেল চালানোর সময় নিচের তথ্য সম্পর্কে সতর্ক থাকুন।

⚠ সতর্কতা

অতিরক্তি অথবা অনুপযুক্ত বোঝাই সংঘর্ষ ঘটাতে পারে এবং আপনি আহত বা নিহত হতে পারেন।

এই ম্যানুয়াল ও বর্ণিত বোঝাই সীমা এবং বোঝাইকরণ নির্দেশিকাসমূহ মেনে চলুন।

লোড লিমিট

আপনার মোটরসাইকেলের বোঝাই সীমা নিচে বর্ণিত:

সর্বাধিক ওজন ধারণ ক্ষমতা:
১৭০ কেজি (৩৭৪.৮ পাউন্ড)

এতে চালক, যাত্রী, কার্গো ও সকল সরঞ্জামের ওজন অন্তর্ভূক্ত থাকবে।

লোডিং গাইডলাইন

আপনার মোটরসাইকেলটি প্রাথমিকভাবে আপনাকে এবং একজন যাত্রী পরিবহনের জন্য বানানো হয়েছে। আপনি যখন কোন যাত্রী ছাড়া চালাবেন তখন পেছনের সিটে জ্যাকেট অথবা সামান্য জিনিস সংরক্ষণ করতে পারেন। আপনি যদি আরো কার্গো বহন করতে চান তাহলে পরামর্শের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন এবং (পৃষ্ঠা ৬) এ বর্ণিত নির্দেশিকাগুলো মেনে চলুন।

ভুলভাবে বোঝাইকরণ আপনার মোটরসাইকেলটির স্থায়িত্ব এবং পরিচালনাকে প্রভাবিত করতে পারে। আপনার মোটরসাইকেলটি সঠিকভাবে বোঝাই করা হলেও কার্গো বহনের সময় আপনার মোটরসাইকেলটি গতি কমিয়ে চালানো উচিত।

যাত্রী অথবা কার্গো বহনের সময় নিচের নির্দেশনাগুলো মেনে চলুনঃ

- উভয় টায়ার সঠিকভাবে স্ফীত হয়েছে তা নিশ্চিত করুন।
- আপনি যদি স্বাভাবিক বোঝাই পরিবর্তন করেন তাহলে আপনার পিছনের সাসপেনশন এডজাস্ট করার প্রয়োজন হতে পারে (পৃষ্ঠ ১৫।)
- উপকরণ আলগা হয়ে দুর্ঘটনা তৈরি থেকে রক্ষা পেতে মোটরসাইকেল চালানোর পূর্বে সকর কার্গো সটিকভাবে বাঁধা আছে তা নিশ্চিত করুন।
- কার্গোর ওজন যথাসম্ভব মোটরসাইকেলের কেন্দ্রে রাখার চেষ্টা করুন।
- কার্গোর ওজন দুইদিকে সমান রাখার চেষ্টা করুন।
- হ্যান্ডেলবার, ফর্ক বা ফেন্ডারে বড় অথবা ভারী কিছু সংযুক্ত করবেন না (যেমন স্লিপিং ব্যাগ বা তাঁবু)।

এক্সেসরিজ এবং পরিবর্তন

মোটরসাইকেলের পরিবর্তন অথবা নন-হোন্ডা মালপত্র ব্যবহার আপনার মোটরসাইকেলকে অনিরাপদ করতে পারে। যেকোন পরিবর্তন অথবা কোন মালামাল যুক্ত করার আগে এই তথ্যগুলো ভালভাবে পড়ে নিশ্চিত হোন।

⚠ সতর্কতা

অনুপযুক্ত মালামাল অথবা পরিবর্তন সংঘর্ষ ঘটাতে পারে যা যাতে আপনি আহত বা নিহত হতে পারেন।

মালপত্র এবং পরিবর্তনের ক্ষেত্রে ব্যবহারকারীর নির্দেশিকাটি মেনে চলুন।

এক্সেসরিজ

আমরা কঠোরভাবে সুপারিশ করব যাতে আপনি কেবল হোন্ডার আসল মালামাল ব্যবহার করেন যেগুলো বিশেষভাবে আপনার মোটরসাইকেলের জন্য ডিজাইন ও পরীক্ষা করা হয়েছে। কারণ হোন্ডা অন্য কোন মালামাল পরীক্ষা করতে পারে না, তাই সঠিক নির্বাচন, স্থাপন ও নন-হোন্ডা মালপত্র ব্যবহারের জন্য আপনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। সাহায্যের জন্য আপনার ডিলারের মাধ্যমে চেক করান এবং সর্বদা নিচের নির্দেশনাগুলো মেনে চলুনঃ

- নিশ্চিত করুন যাতে মালপত্র আলোকে অস্পষ্ট না করে, গ্রাউন্ড ক্লিয়ারেন্স হ্রাস ও ব্যাংকিং কোণ, লিমিট সাসপেনশন ট্রাভেল অথবা স্টিয়ারিং ট্রাভেল, আপনার মোটরসাকেল চালানোর অবস্থান পরিবর্তন অথবা কোন নিয়ন্ত্রণ কাজে হস্তক্ষেপ না করে।

- নন-জেনুইন বৈদ্যুতিক সরঞ্জাম অথবা আপনার মোটরসাইকেলের বৈদ্যুতিক ব্যবস্থার ক্ষমতার অধিক ধারণক্ষমতার সরঞ্জাম ব্যবহার থেকে বিরত থাকুন (পৃষ্ঠা ৭৪)। একটি জ্বলে যাওয়া ফিউজ লাইট বা ইঞ্জিনের ক্ষতির কারণ হতে পারে।

- আপনার মোটরসাইকেল দিয়ে অন্য গাড়ি বা সাইডকার টারবেন না। এই মোটরসাইকেলটি এইসব সংযুক্তির জন্য ডিজাইন করা নয়, এবং এদের ব্যবহার আপনার মোটরসাইকেলটিকে ভীষণভাবে দূর্বল করে দিতে পারে।

মোডিফিকেশন

মোটরসাইকেরটির ডিজাইন বা পরিচালনায় পরিবর্তন আনে এমন কোন পরিবর্তন না করা বা আসল যন্ত্রপাতি না খোলার জন্য আমরা কঠোরভাবে পরামর্শ দিব। এইসব পরিবর্তন মোটরসাইকেলের নিয়ন্ত্রণ, স্থিরতা ও ব্রেকিংকে মারাত্মকভাবে দূর্বল করে মোটরসাইকেলটিতে অনিরাপদ করে তুলে।
লাইট, মাফলার, নিঃসরণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বা অন্যান্য যন্ত্রপাতি অপসারণ বা পরিবর্তন ও আপনার মোটরসাইকেলকে অবৈধ করতে পারে।

চুরি প্রতিরোধ টিপস

১. সর্বদা স্টিয়ারিং তালাবদ্ধ রাখুন।

২. ইগনিশন সুইচ এর সাথে চাবি রাখবেন না। এটা শুনতে খুব সাধারণ হলেও বেশিরভাগ মানুষ ভুলে যায়।

৩. আপনার মোটরসাইকেলের নিবন্ধিকরণ তথ্য সঠিক ও বর্তমান তা নিশ্চিত করুন।

৪. যখনই সম্ভব আপনার মোটরসাইকেলকে তালাবদ্ধ গ্যারাজে রাখুন।

৫. একটি অতিরিক্ত চুরি প্রতিরোধী যন্ত্র ব্যবহার করুন।

৬. ব্যবহারকারীর ম্যানুয়ালে আপনার নাম, ঠিকানা ও ফোন নম্বর লিখুন এবং এটি মোটরসাইকেলের সাথে রাখুন।
অনেকসময় ম্যানুয়ালের নাম ঠিকানা দিয়ে চুরি হওয়া মোটরসাইকেলের চিহ্নিত করা যায়।


নাম: _____

ঠিকানা: _____


_____

ফোন নং: _____


যন্ত্রাংশের অবস্থান



রাইট সাইড ভিউ



লেফট্ সাইড ভিউ



(১) অয়েল ফিল্টার ক্যাপ/ ডিস্টিক	(৯) রিফল্কেটর
(২) পিছনের ব্রেক প্যাডেল	(১০) ফুয়েল ভালভ
(৩) ফুটপেগ	(১১) এয়ার ক্লিনার
(৪) যাত্রী ফুটপেগ	(১২) সাইড স্ট্যান্ড
(৫) স্টোরেজ কম্পার্টমেন্ট	(১৩) সেন্টার স্ট্যান্ড
(৬) ব্যাটারি	(১৪) ইঞ্জিন অয়েল ড্রেইন প্লাগ
(৭) মেইন ফিউজ	(১৫) গিয়ারশিফট প্যাডেল
(৮) কিকস্টার্টার	

সিরিয়াল নম্বর

আপনার মোটরসাইকেলটি নিবন্ধিকরণের সময় ফ্রেম ও ইঞ্জিনের সিরিয়াল নম্বরের প্রয়োজন। প্রতিস্থাপিত অংশ অর্ডার করার সময়ও ডিলারের দ্বারা এগুলোর প্রয়োজন হতে পারে।


"ফ্রেম নম্বর" (১) স্টিয়ারিং হেডের ডান দিকে স্ট্যাম্প করা হয়।

"ইঞ্জিন নম্বর" (২) ক্র্যাঙ্ককেসের বামে স্ট্যাম্প করা হয়।

আপনার রেফারেন্সের জন্য এখানে নম্বর রেকর্ড করুন।

ফ্রেম নং. _____


ইঞ্জিন নং. _____



(১) ফ্রেম নম্বর
(২) ইঞ্জিন নম্বর

ইন্সট্রুমেন্ট এবং ইনডিকেটর

ইন্ডিকেটরসমূহ ইন্সট্রুমেন্ট প্যানেলে রয়েছে। তাদের কাজ নিম্নোক্ত পৃষ্ঠাগুলোর টেবিলে বর্ণিত আছে।



(১) স্পীডোমিটার
(২) নিউট্রাল ইনডিকেটর
(৩) টার্ণ সিগন্যাল ইন্ডিকেটর
(৪) হাই বীম ইন্ডিকেটর
(৫) সার্ভিস ডিউ ইন্ডিকেটর
(৬) ডিজিটাল ঘড়ি
(৭) রিসেট বাটন
(৮) ফুয়েল মিটার
(৯) অডোমিটার/ট্রিপ মিটার


(সূত্র নং) বর্ণনা	কাজ
(১) স্পিডোমিটার	গাড়ির গতি প্রদর্শন করবে।
(২) নিউট্রাল ইন্ডিকেটর (গ্রীন)	যখন ট্রান্সমিশন নিউট্রালে থাকবে তখন নির্দেশ প্রদান করবে।
(৩) টার্ন সিগন্যাল ইন্ডিকেটর (গ্রীন)	যখন কোন একটি টার্ন সিগন্যাল চালানো হবে তখন ফ্লাস করে।
(৪) হাই বিম ইন্ডিকেটর (ব্লু)	হেডলাইট হাই বিমের উপর কখন প্রদীপ্ত হবে তা নির্দেশ করবে।
(৫) সার্ভিস ডিউ ইন্ডিকেটর	এটি প্রদর্শন করে যে আপনার মোটরসাইকেলের সার্ভিস প্রয়োজন।
(৬) ডিজিটাল ঘড়ি	ঘন্টা এবং মিনিট প্রদর্শন করবে।
(৭) রিসেট বাটন	ট্রিপমিটার সেট করতে ব্যবহার করুন।
(৮) ফুয়েল মিটার	উপলব্ধ আনুমানিক ফুয়েল সরবরাহ প্রদর্শন করবে (পৃষ্ঠা-১৪)।
(৯) ওডোমিটার/ ট্রিপ মিটার	ওডোমিটার -মোট মাইলেজ প্রদর্শন করবে। ট্রিপ মিটার - সর্বশেষ যখন শূন্যে সময় সেট করা হয় তখন থেকে ইহা ভ্রমণের দুরত্ব প্রদর্শন করবে।

সার্ভিস ডিউ ইন্ডিকেটর

এই মোটারসাইকেলটি "সার্ভিস ডিউ ইন্ডিকেটর (১)" দ্বারা সজ্জিত।

ডিজিটাল স্পিডোমিটার প্যানেলে সার্ভিস ডিউ ইন্ডিকেটর অবস্থিত।

যখন ওডোমিটার নির্দিষ্ট দুরত্বে পৌঁছাবে তখন সার্ভিস সীমা পর্যন্ত 'সার্ভিস ডিউ ইন্ডিকেটর' মিটমিট করবে এবং তারপর তা ধারাবাহিকভাবে জ্বলতে থাকবে।



(১)) সার্ভিস ডিউ ইন্ডিকেটর

সার্ভিস ডিউ ইন্ডিকেটর লাইটিং প্যাটার্ন বুঝা:

জ্বলজ্বল করা- নির্দিষ্ট দূরত্বে পৌঁছানোর পর "সার্ভিস ডিউ ইন্ডিকেটর" জ্বলজ্বল করার মাধ্যমে প্রদর্শন করবে যে আপনার মোটর সাইকেলটির সার্ভিস প্রয়োজন অতঃপর মোটরসাইকেল সার্ভিসের জন্য অনুগ্রহ পূর্বে আপনার নিকটস্থ হোন্ডা ডিলারকে দেখান।

ধারাবাহিকভাবে জ্বলজ্বল করা- এটি প্রদর্শন করে যে সার্ভিসের জন্য আপনার মোটরসাইকেলটি তার নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করেছে। **সেবার জন্য দ্রুত হোন্ডা ডিলারকে দেখান।**

মোটারসাইকেলের প্রথম সার্ভিসের পূর্বে প্রথম ২৫০ কিমি (প্রতিটি নির্দিষ্ট দূরত্ব হিসেবে) অতিক্রান্ত হওয়ার পর "সার্ভিস ডিউ ইন্ডিকেটর" জ্বলবে।

মোটারসাইকেলের দ্বিতীয় সার্ভিসের পূর্বে ৫০০ কিমি (প্রতিটি নির্দিষ্ট দূরত্ব হিসেবে) অতিক্রান্ত হওয়ার পর দ্বিতীয়বার "সার্ভিস ডিউ ইন্ডিকেটর" জ্বলবে এবং পরবর্তীতে প্রতিটি পরবর্তী সেবার জন্য একই প্যাটার্ন অনুসারে জ্বলবে।

যদি নির্দিষ্ট দুরত্ব অনুসারে মোটরসাইকেলটির উল্লেখিত ব্যবস্থাপনা সূচী অনুসারে সার্ভিস না করা হয় তবে "সার্ভিস ডিউ ইন্ডিকেটর" ধারাবহিকভাবে জ্বলবে।

নোটিশ

"সার্ভিস ডিউ ইন্ডিকেটর" জ্বলজ্বল করা/ ধারাবাহিকভাবে জ্বলজ্বল করা মোটরসাইকেলের সার্ভিসের দিকটি নির্দেশ করে যা মোটরসাইকেলের অতিক্রান্ত দূরত্বের (কিমি) উপর নির্দেশ করে তবে দিন বা কিমি হিসাব করে প্রতিটি সেবার সূচী ব্যবস্থাপনার সূচী অনুসারে অনুসরণ করতে হবে (যা প্রথমে আসে।)

ব্যবস্থাপনা সূচীতে উল্লেখিত দূরত্ব অতিক্রান্ত হওয়ার পূর্বে যদি আপনার মোটরসাইকেলটি সার্ভিস করা হয়ে থাকে, তবে সেক্ষেত্রে "যখনই আপনি নির্ধারিত দূরত্ব অতিক্রম করবেন তখনই সার্ভিস ডিউ ইন্ডিকেটর জ্বলতে শুরু করবে।

"সার্ভিস ডিউ ইন্ডিকেটর" রিসেট করার জন্য অনুগ্রহ করে আপনার হোন্ড ডিলারকে দেখান।

ডিজিটাল ঘড়ি (১)


এই মোটরসাইকেলটি একটি ডিজিটাল ঘড়ির বৈশিষ্ট্য দ্বারা সজ্জিত।

সময় সমন্বয় পদ্ধতি

সময় সমন্বয় করতে নিম্নোক্ত প্রক্রিয়া অবলম্বন করুন:

১. ইগনিশন স্যুইচ চালু করুন।

২. ওডোমিটারের সাথে প্রদর্শিত, "রিসেট বাটন" (২) চাপ দিন এবং চেপে ধরে রাখুন যতক্ষন না "ঘন্টার" ডিজিট ফ্লাস করতে থাকে।



(১) ডিজিটাল ঘড়ি
(২) রিসেট বাটন



৩. রিসেট বাটন চাপতে থাকুন যতক্ষন না কাঙ্খিত ঘন্টা না আসে। যতবার স্যুইচ চাপতে থাকবেন তত বার সময় বাড়তে থাকবে।

৪. রিসেট বাটনে চাপ দিন এবং চেপে ধরে রাখুন যতক্ষন না "মিনিট" ডিজিট ফ্লাস করতে থাকে।



৫. রিসেট বাটন চাপতে থাকুন যতক্ষন না কাঙ্খিত মিনিট না আসে। যতবার স্যুইচ চাপতে থাকবেন তত বার সময় বাড়তে থাকবে।

৬. রিসেট বাটনে চাপ দিন এবং ২ সেকেন্ডের অধিক সময় ধরে চেপে ধরে রাখুন। ঘড়ি ঠিক হয়ে যাবে।


ঘড়ির পুনঃসমন্বয়

যদি ব্যাটারি বিচ্ছিন্ন করা হয় তবে ঘড়ি "১:০০" মিনিটে রিসেট হয়ে থাকবে।

নিশ্চিত হোন যে, ব্যাটারির সংযোগ করার পর ঘড়ির তথ্য সঠিক করা হয়েছে।

ফুয়েল মিটার


যখন "ফুয়েল মিটার" (১) ফ্লাস করতে থাকবে এবং তা "লাস্ট ব্যান্ডে" (২) প্রবেশ করবে তখন ফুয়েল কম থাকবে এবং আপনার উচিৎ যত শীঘ্রই সম্ভব ট্যাংক ভর্তি করা। ট্যাঙ্কে অবশিষ্ট ফুয়েলের পরিমাণ সামনে সেট করা থাকবে যখন ফুয়েল মিটার শেষ ব্যান্ডে ফ্লাস করতে থাকবে
যা আনুমানিক-
১.৭ লিটার (০.৪৫ ইউএস গ্যাল. ০.৩৭ আইএমপি. গ্যাল.)



(১) ফুয়েল মিটার
(২) লাস্ট ব্যান্ড

ট্রিপ মিটার

নিম্নোক্তভাবে "ট্রিপমিটার" (১) কার্যক্রম রিসেট করা:
ট্রিপমিটার সিলেক্ট করতে "রিসেট বাটন" (২) চাপুন।



(১) ট্রিপ বাটন
(২) রিসেট বাটন

ট্রিপমিটার রিসেট করতে রিসেট বাটন চাপুন এবং ৩ সেকেন্ডের বেশি সময় পর্যন্ত ধরে রাখুন যখন ডিসপ্লেতে ট্রিপ (TRIP) আসে।



মুখ্য উপাদানসমূহ

(বাহনটি চালনার জন্য গুরুত্বপূর্ণ তথ্য)

সাসপেনশন


ভার বহন বা চালনার শর্তসমূহের জন্য "শক এবজরবারের"(১) ৫ টি অ্যাডজাস্টমেন্ট অবস্থান রয়েছে।

অবস্থান ৫ স্টিফার রিয়ার সাসপেনশনের (দৃঢ় পেছনের সাসপেনশন) স্প্রিং প্রিলোড বৃদ্ধি করে এবং মোটরসাইকেলটি অতিমাত্রায় বোঝাইকৃত অবস্থায় ব্যবহার করা যায়।

নোটিশ

পেছনের শক এবজরবারের অ্যাডজাস্টমেন্টের জন্য আপনার নিকটবর্তী হোন্ডা ডিলারের সাথে দেখা করুন।

স্ট্যান্ডার্ড পজিশন (আদর্শ অবস্থান): ২



(১) শক এবজরবার

ব্রেকস

সামনের ব্রেক (ডিস্ক টাইপ)

এই বাহনটিতে একটি সামনের হাইড্রোলিক এবং পেছনের মেকানিক্যাল ড্রাম ব্রেক রয়েছে। ব্রেক প্যাডসমূহ নিবদ্ধ করার সময় ফ্লুয়িড লেভেল পড়ে যায়।


এখানে সম্পাদন করবার মতো কোন অ্যাডজাস্টমেন্টস নেই, কিন্তু ফ্লুয়িড লেভেল এবং প্যাড ওয়্যার অবশ্যই পর্যায়ক্রমে পরীক্ষা করতে হবে। ফ্লুয়িড লীক বা ছিদ্র নেই তা নিশ্চিত হবার জন্য সিস্টেম বা ব্যবস্থাটি ঘনঘন পরীক্ষাকরতে হবে। যদি কন্ট্রোল লিভার ফ্রি ট্র্যাভেল মাত্রারিক্ত হয় এবং ব্রেক প্যাডসমূহ সুপারিশকৃত সীমার (পৃষ্ঠা ৬২) মধ্যে নিবদ্ধ বা পরিগৃহীত না হয়, সেক্ষেত্রে সম্ভবত ব্রেক সিস্টেমের ভিতর বাতাস আটকে রয়েছে এবং সেটি অবশ্যই বের করে দিতে হবে। সেবার জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে দেখা করুন।

সামনের ব্রেক ফ্লুয়িড লেভেল

বাহনটিকে খাড়া অবস্থানে রেখে ফ্লুয়িড লেভেল চেক করুন। এটিকে লোয়ার লেভেল চিহ্নের (১) উপরে থাকতে হবে। যদি লেভেলটি লোয়ার লেভেল চিহ্নের (১) উপরে বা নিচে থাকে, নিবদ্ধ করার জন্য ব্রেক প্যাড চেক করুন (পৃষ্ঠা ৬২)।

ক্ষয়প্রাপ্ত প্যাডসমূহ বদলে নিতে হবে। যদি প্যাডসমূহ ক্ষয়প্রাপ্ত না হয়, লীক বা ছিদ্র রয়েছে কিনা জানতে আপনার ব্রেক সিস্টেম পরীক্ষা করুন।

সুপারিশকৃত ব্রেক ফ্লুয়িড হচ্ছে নাম মুদ্রাঙ্কিত বাক্স এর হোন্ডা DOT ৩ বা ৪ ব্রেক ফ্লুয়িড অথবা সমমানের একটি।



(১) সর্বনিম্ন লেভেল চিহ্ন

অন্যান্য পরীক্ষাসমূহ :


নিশ্চিত হন যে কোন ফ্লুয়িড লীক বা ছিদ্র নেই। হোস এবং ফিটিংসমূহে কোন ক্ষয় বা ফাটল আছে কিনা পরীক্ষা করুন।

সামনের ব্রেক (ড্রাম টাইপ)

ব্রেকসমূহ হচ্ছে ব্যক্তিগত নিরাপত্তার অনুষঙ্গ এবং সর্বদা এর যথাযথ অ্যাডজাস্টমেন্ট রক্ষণাবেক্ষণ করা উচিৎ।

ব্রেক ক্রিয়ারত হবার আগে সামনের ব্রেক লিভার অথবা পেছনের ব্রেক প্যাডেলের নড়াচড়ায় দূরত্ব কে ফ্রি প্লে বলা হয়।

সামনের ব্রেক লিভার (১) এর আগায় পরিমিত ফ্রি প্লে রাখা উচিৎ




(১) সামনের ব্রেক লিভার

অ্যাডজাস্টমেন্ট

১. সামনের চাকার সামনের ব্রেক অ্যাডজাস্টিং নাট (২) ব্যবহার করে সামনের ব্রেক অ্যাডজাস্টমেন্ট করতে হবে।

২. সামনের ব্রেক-অ্যাডজাস্টিং নাটের সাথে ব্রেক লিভার ফ্রি প্লে অ্যাডজাস্ট করুন। নাটটি ঘড়ির কাঁটার দিকে ঘুরালে ফ্রিপ্লে কমবে এবং নাটটিকে ঘড়ির কাঁটার উল্টো দিকে ঘুরালে ফ্রি প্লে বাড়বে।

চূড়ান্ত ফ্রি প্লে অ্যাডজাস্টমেন্ট সম্পাদনের পর অ্যাডজাস্টিং নাটের উপরের কাট-আউট ব্রেক আর্ম পিন (৩) এর উপর বসেছে কিনা তা নিশ্চিত করুন।



(২) সামনের ব্রেক অ্যাডজাস্টিং নাট)
(৩) ব্রেক আর্ম পিন
(**A**) ফ্রি প্লে হ্রাস
(**B**) ফ্রি প্লে বৃদ্ধি

কয়েকবার ব্রেক প্রয়োগ করুন এবং ব্রেক লিভার মুক্ত হবার পর ফ্রি হুইল বা চাকার ঘুর্ণন পরীক্ষা করুন।

যদি এভাবে যথাযথ অ্যাডজাস্টমেন্ট সম্পাদন করা সম্ভব না হয় সেক্ষেত্রে আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

অন্যান্য পরীক্ষাসমূহ:

ব্রেক ক্যাবলে গিঁট লাগা অথবা এঁটে যাওয়ার চিহ্ন আছে কিনা যা আড়ষ্টতা বা অকার্যকারীতা সৃষ্টি করতে পারে সেটি পরীক্ষা করুন।

অকালে অকর্মক্ষম হওয়া এবং ক্ষয় রোধ করতে একটি সুলভ বানিজ্যিক ক্যাবল লুব্রিকেন্ট দিয়ে ব্রেক ক্যাবল পিচ্ছিল করুন।

ব্রেক আর্ম, স্পিং এবং ফাস্টেনার (দৃঢ়ভাবে আবদ্ধকারী) গুলো ভালো অবস্থায় রয়েছে কিনা সেটি নিশ্চিত করুন।

পেছনের ব্রেক


অ্যাডজাস্টমেন্ট:

১. বাহনটি এর সেন্টার স্ট্যান্ডের উপর ভর করে রাখুন।

২. ব্রেকটিটেকহোল্ডশুরু করারআগেরিয়ারব্রেক প্যাডেল (১) নড়াচড়ার দূরত্ব পরিমাপ করুন।

ফ্রিপ্লে নিম্নরূপ হওয়া উচিৎ :


২০ -৩০ মিমি (০.৮ -১.২ ইঞ্চি)



(১) পেছনের ব্রেক প্যাডেল

৩. অ্যাডজাস্টমেন্ট দরকারী হলে পেছনের ব্রেক অ্যাডজাস্টিং নাট ঘুরান(২)।

চূড়ান্ত ফ্রি প্লে অ্যাডজাস্টমেন্ট সম্পাদনের পর অ্যাডজাস্টিং নাটের উপরের কাট-আউট ব্রেক আর্ম পিন (৩) এর উপর বসেছে কিনা তা নিশ্চিত করুন।



(২) পেছনের ব্রেক অ্যাডজাস্টিং নাট

(৩) ব্রেক আর্ম পিন


(**A**) ফ্রি প্লে হ্রাস

(**B**) ফ্রি প্লে বৃদ্ধি

৪. কয়েকবার ব্রেক প্রয়োগ করুন এবং ব্রেক প্যাডেল মুক্ত হওয়ার পর ফ্রি হুইল বা চাকার ঘুর্ণন পরীক্ষা করুন।

যদি এভাবে যথাযথ অ্যাডজাস্টমেন্ট সম্পাদন করা সম্ভব না হয় সেক্ষেত্রে আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন। অ্যাডজাস্টমেন্টের পর, পেছনের ব্রেক অ্যাডজাস্টিং নাট এবং ব্রেক আর্ম পিনের মাঝখানে একটি ফাঁক নিশ্চিত করতে ব্রেক আর্ম ঠেলে দিন।

অ্যাডজাস্টমেন্টের পর ব্রেক প্যাডেলের ফ্রি প্লে নিশ্চিত করুন।




অন্যান্য পরীক্ষাসমূহ:

ব্রেক আর্ম, স্পিং এবং ফাস্টেনার (দৃঢ়ভাবে আবদ্ধকারী) গুলো ভালো অবস্থায় রয়েছে কিনা সেটি নিশ্চিত করুন।

ক্লাচ


গিয়ার পরিবর্তনের সময় যদি বাহনটি থেমে যায় বা আড়ষ্ট মনে হয়; অথবা যদি ক্লাচ পিছলে গিয়ে ইঞ্জিন স্পীডের তুলনায় এক্সিলারেশন ধীরে হয় সেক্ষেত্রে ক্লাচ অ্যাডজাস্টমেন্ট দরকারি হয়ে পড়ে।

স্বাভাবিক ক্লাচ লিভার ফ্রি প্লে হচ্ছে: ১০ -২০ মিমি (০.৪ -০.৮ ইঞ্চি)



১. ক্যাবলটির শেষ প্রান্তের (লোয়ার ইন্ড) লক নাট (২) ঢিলা করুন। নির্দিষ্ট ফ্রি প্লে পাবার জন্য অ্যাডজাস্টিং নাট (৩) ঘুরান। লক নাটটি টাইট করুন এবং অ্যাডজাস্টমেন্ট পরীক্ষা করুন।

২. ইঞ্জিন চালু করুন, ক্লাচ লিভার টানুন এবং গিয়ার পরিবর্তন করুন। নিশ্চিত হোন যে ইঞ্জিন থেমে যায় না এবং বাহনটি কাঁপছে না। ধীরে ধীরে ক্লাচ লিভার ছেড়ে দিন এবং থ্রোটল খুলুন। বাহনটি এবার মসৃণভাবে চলতে শুরু করবে এবং ধীরে ধীরে গতিবৃদ্ধি করবে।



(২) লক নাট

(৩) অ্যাডজাস্টিং নাট

(**A**) ফ্রি প্লে বৃদ্ধি

(**B**) ফ্রি প্লে হ্রাস

যদি সঠিক অ্যাডজাস্টমেন্ট সম্পাদন করতে না পারা যায় অথবা ক্লাচটি ঠিকভাবে কাজ না করেসেক্ষেত্রে আপনার হোন্ডা ডিলারের কাছে যান।

অন্যান্য পরীক্ষাসমূহ:

ব্রেক ক্যাবলে গিঁট লাগা অথবা এঁটে যাওয়ার চিহ্ন আছে কিনা যা আড়ষ্টতা বা অকার্যকারীতা সৃষ্টি করতে পারে সেটি পরীক্ষা করুন। অকালে অকর্মক্ষম হওয়া এবং ক্ষয় রোধে একটি সুলভ বানিজ্যিক ক্যাবল লুব্রিকেন্ট দিয়ে ব্রেক ক্যাবল পিচ্ছিল করুন।

ফুয়েল

ফুয়েল নব

ত্রিমুখী ফুয়েল নবটি ফুয়েল ট্যাংক এর নিচে বাম পাশে।

চালু

ফুয়েল নব চালু থাকা অবস্থায় কার্বুরেটরে প্রধান ফুয়েল সাপ্লাই থেকে ফুয়েল প্রবাহিত হবে।

বন্ধ

ফুয়েল নব বন্ধ থাকা অবস্থায় ট্যাংক থেকে ফুয়েল কার্বুরেটরে প্রবেশ করতে পারে না। বাহনটি যখন ব্যবহার করবেন না তখন নবটি বন্ধ করে রাখুন।


RES

ফুয়েল নব জউঝ অবস্থানে নিলে রিজার্ভ ফুয়েল সাপ্লাই থেকে কার্বুরেটরে ফুয়েল প্রবাহিত হবে। ফুয়েলের প্রধান সরবরাহ বন্ধ হয়ে গেলেই কেবল মাত্র রিজার্ভ ফুয়েল ব্যবহার করতে পারেন। **RES** অবস্থা চালু করার পর যতদ্রুত সম্ভব ফুয়েল ট্যাংক পুনরায় পূর্ণ করুন।

রিজার্ভ ফুয়েলের পরিমাণ হচ্ছে:

১.৭ লি. (০.৪৫ US gal , ০.৩৭ Imp gal)

যখনই পুনরায় ফুয়েল ভরবেন ফুয়েল নবটি অন (চালু) অবস্থায় আছে কিনা মনে করে চেক করবেন। ফুয়েল নবটি যদি বা দিকে **RES** অবস্থায় থাকে, সেক্ষেত্রে হয়তো রিজার্ভ না রেখেই ফুয়েল ফুরিয়ে যাবে।




(১) ফুয়েল নব

ফুয়েল ট্যাংক

রিজার্ভ সরবরাহ সহ ফুয়েল ট্যাংকের সক্ষমতা:

৮.৫ লি. (২.২৪ US gal , ১.৮৭ Imp gal)

ফুয়েল ভরার ক্যাপ বা ঢাকনা খোলবার জন্য (১) ইগনিশন কী বা চাবি ঢুকিয়ে ঘড়ির কাঁটার দিকে ঘুরান। ফুয়েল ক্যাপটি খুলে যাবে এবং এটি উঠানো যাবে। ট্যাংকে অতিরিক্ত ফুয়েল ভরবেন না। ফিলার নেকে (৩) ফুয়েল থাকা উচিৎ নয়।



(১) ফুয়েল ফিল ক্যাপ বা ফুয়েল ভরার ঢাকনা
(২) ইগনিশন চাবি
(৩) ফিলার নেক

পুনরায় ফুয়েল ভরার পর ফুয়েল ফিল ক্যাপ বন্ধ করুন, ঢাকনার হুড়কা ফিলারনেকের নির্দিষ্ট জায়গায় আঁটকে দিন। ফিলার নেকের মধ্যে ফুয়েল ফিল ক্যাপটি *ঠেলে* ধরুন যতক্ষণ না এটি ছিটকিনি বন্ধ না করে এবং তালাবদ্ধ হয়। এবার চাবি খুলে ফেলুন।

⚠ সাবধানতা

পেট্রোল খুবই অগ্নিদাহ্য এবং বিস্ফোরক পদার্থ। জ্বালানি নিয়ে কাজ করতে গিয়ে আপনি পুড়ে যেতে পারেন অথবা মারাত্মক আহত হতে পারেন।

- ইঞ্জিন বন্ধ করুন; উত্তাপ, স্ফুলিঙ্গ এবং অগ্নিশিখা দূর হতে দিন।
- ঘরের বাইরে জ্বালানী ভরার কাজ করুন।
- গড়িয়ে পড়া তরল তাৎক্ষণিকভাবে মুছে ফেলুন।

৮৮ নম্বরের বা উচ্চমানের একটি রিসার্চ অকটেনের সাথে সীসামুক্ত পেট্রোল ব্যবহার করুন।

সীসাযুক্ত পেট্রোল ব্যবহার ক্যাটালিটিক সিলিন্ডারের অকাল ক্ষয় সাধন করে।

নোটিশ

স্বাভাবিক ভর বহনের ক্ষেত্রে অবিচল ইঞ্জিন স্পীডে যদি "স্পার্কনক" অথবা "পিংকিং" ঘটে সেক্ষেত্রে পেট্রোলের ব্র্যান্ড পরিবর্তন করুন।

যদি অবিরত স্পার্ক নক অথবা পিংকিং ঘটতেই থাকে সেক্ষেত্রে আপনার হোন্ডা ডিলারের সহায়তা নিন। এটি করতে ব্যর্থ হলে সেটি অপব্যবহারহিসেবে গণ্য হবে এবং অপব্যবহারের ফলে সৃষ্ট ক্ষতি হোন্ডার স্বল্প ওয়ারেন্টি বহন করে না।

⚠ সতর্কীকরণ

ভেজাল মিশ্রিত জ্বালানী ব্যবহার করবেন না। এটি ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশের ক্ষতি করে এবং অপব্যবহার হিসেবে গণ্য হবে, এবং অপব্যবহারের ফলে সৃষ্ট ক্ষতি হোন্ডার ওয়ারেন্টি বহন করে না।

অ্যালকোহলযুক্ত পেট্রোল

আপনি যদি অ্যালকোহলযুক্ত পেট্রোল (গ্যাসোহল) ব্যবহারের সিদ্ধান্ত নিয়ে থাকেন সেক্ষেত্রে নিশ্চিন হোন যেন এর অকটেনের রেটিং অন্তত হোন্ডা কর্তৃক সুপারিশকৃত গুলোর মতো উঁচুমানের হয়।

- যখন অ্যালকোহলযুক্ত নির্দিষ্ট ধরণের পেট্রোল ব্যাবহার করা হয় তখন ইঞ্জিন সহজে স্টার্ট না নেয়া, খারাপ পারফরমেন্স সহ নানান সমস্যার সৃষ্টি হতে পারে।


- অ্যালকোহলযুক্ত কোন পেট্রোল অথবা যেটিতে আপনি মনে করেন অ্যালকোহল রয়েছে সেটি ব্যবহারের সময় যদি কোন অনাকাঙ্ক্ষিত চালনার লক্ষণ দৃশ্যমান হয়, সেক্ষেত্রে অন্য স্টেশনে যান অথবা পেট্রোলের ব্র্যান্ড পরিবর্তন

- অ্যালকোহল মিশ্রিত পেট্রোল ব্যবহারজনিত কারণে কোন সমস্যা দেখা দিলে, আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

এভাপোরেটিভ ইমিশন কন্ট্রোল সিস্টেম

এই মোটরসাইকেলটি এভাপোরেটিভ ইমিশন ক্যানিস্টার দ্বারা সজ্জিত যা বায়ুমন্ডলে গ্যাসলিন বাষ্পীভবন হওয়া থেকে মুক্ত রাখতে ডিজাইন করা হয়েছে যা বায়ুমন্ডলে একটি গ্যাসের ট্যাঙ্ক নির্গত করা উত্তম।

যদি সমস্যা হয় তবে আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।



(১) ফুয়েল ট্যাঙ্ক
(২) ক্যানিস্টার
(৩) ওয়ান ওয়ে বাল্ব বা একমুখী বাল্ব

ইঞ্জিন অয়েল

ইঞ্জিন অয়েলের লেভেল বা স্তর পরীক্ষা

প্রতিদিন বাহন চালনার আগে ইঞ্জিন অয়েলের লেভেল পরীক্ষা করুন।

লেভেল বা স্তরটিকে অবশ্যই অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক এর মধ্যে উপরের (১) এবং নিচের (২) লেভেল চিহ্নের মধ্যে রাখতে হবে।

১. ইঞ্জিন চালু করুন এবং এভাবে ৩ থেকে ৫ মিনিটের জন্য অলস রেখে দিন।

২. ইঞ্জিন বন্ধ করুন এবং সমতল ভূমিতে গাড়িটিকে সেন্টার স্ট্যান্ডের উপর ভর দিয়ে রাখুন।


৩. ২-৩ মিনিট পর অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক খুলে ফেলুন, মুছে পরিষ্কার করুন এবং না ঘুরিয়ে অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিকটি লাগান। অয়েল লেভেল অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিকের মধ্যে উপরের এবং নিচের চিহ্নের মধ্যে থাকা উচিৎ।

৪. যদি প্রয়োজন হয় উপরের লেভেল চিহ্নের উপর পর্যন্ত নির্দিষ্ট তেল (পৃষ্ঠা ৪৩ দেখুন) যোগ করুন।

৫. অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক পুনরায় স্থাপন করুন এবং কোন অয়েল লীক রয়েছে কিনা পরীক্ষা করুন।

নোটিশ

অপর্যাপ্ত পরিমাণে তেল নিয়ে ইঞ্জিন চালানো ইঞ্জিনের মারাত্মক ক্ষতি করতে পারে। যদি ইঞ্জিন অয়েলের লেভেল 'সর্বনিম্ন' চিহ্নের নিচে থাকে সেক্ষেত্রে হোন্ডা অনুমোদিত ডিলারের সাথে যোগাযোগ করুন।



(১) উপরের স্তরের চিহ্ন
(২) নিচের স্তরের চিহ্ন
(৩) অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক

টায়ার

আপনার বাহনটি নিরাপদে চালানোর জন্য আপনার টায়ারগুলো অবশ্যই যথযথ ধরণ ও আকারের, যথেষ্ট ট্রেড সম্পন্ন এবং আপনার বহনকৃত বোঝাবইবার জন্য সঠিকভাবে স্ফীত হতে হবে।

নিচের পৃষ্ঠাগুলোতে কিভাবে এবং কখন এয়ার প্রেসার (বাতাসের চাপ) পরীক্ষা করতে হবে, টায়ারের ক্ষয়ক্ষতি কিভাবে পরীক্ষা করতে হবে এবং আপনার টায়ার মেরামত বা পরিবর্তন করতে হলে কি করতে হবে সে ব্যাপারে বিস্তারিত তথ্য উল্লেখ করা হয়েছে।

⚠ সাবধানতা

অতিরিক্ত ক্ষয়ে যাওয়া বা ত্রুটিপূর্ণভাবে স্ফীত টায়ার দুর্ঘটনার কারণ হতে পারে যা আপনাকে গুরুতর আহত করতে বা আপনার মৃত্যু ঘটাতে পারে।

মালিকের ম্যানুয়াল বা নির্দেশিকায় টায়ার স্ফীতকরণ এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সকল নির্দেশনা অনুসরণ করুন।

এয়ার প্রেসার বা বাতাসের চাপ

আপনার টায়ার যথাযথভাবে স্ফীত রাখা আপনাকে হ্যান্ডেলিং, ট্রেডের স্থায়িত্ব এবং চালানোর স্বাচ্ছন্দ্যের সর্বোৎকৃষ্ট সমন্বয় প্রদান করবে। সাধারণত অল্প স্ফীত টায়ার অসমভাবে পরিহিত থাকে, হ্যান্ডেলিং এর উপর বিরূপ প্রভাব ফেলে এবং অতিরিক্ত গরম হয়ে অকার্যকর হবার সম্ভাবনা থাকে।

অতিরিক্ত স্ফীত টায়ার আপনার বাহন চালনাকে অধিকতর কঠিন করে তোলে, রাস্তার ঝামেলায় ক্ষতিগ্রস্থ হবার প্রবণতা থাকে এবং অসমভাবে পরিহিত থাকে।

আমরা আপনাকে প্রতিবার চালানোর আগে নিজ চোখে টায়ার পরীক্ষা করার জন্য এবং মাসে অন্তত একবার অথবা যখনই আপনার মনে হবে টায়ার নরম হয়ে গেছে তখন একটা গেজ (পরিমাপের যন্ত্র) ব্যবহার করে এয়ার প্রেসার পরিমাপ করার পরামর্শ দিচ্ছি।

বাহনটি পার্ক করার অন্তত তিন ঘন্টা পর এয়ার প্রেসার বা বাতাসের চাপ পরিমাপ করবেন যখন টায়ারগুলো ঠান্ডা থাকে। আপনি যদি গরম টায়ারের এয়ার প্রেসার পরিমাপ করেন এমনকি কয়েক মাইল চালানোর পরেও, সেক্ষেত্রে পরিমাপণ পাঠ ঠান্ডা টায়ারের তুলনায় চেয়ে বেশি দেখাবে। এটি স্বাভাবিক, সুতরাং নিম্নে উল্লেখিত কোল্ড এয়ার প্রেসার মেলানোর সময় টায়ারের বাতাস বের হতে দিবেন না। যদি বাতাস বের হয়ে যায় সেক্ষেত্রে টায়ারগুলো কম স্ফীত থাকবে।

সুপারিশকৃত "কোল্ড" টায়ার প্রেসার হচ্ছে:

kPa (kgf/cm^2 , psi)		
শুধু চালক	সামনের পেছনের	১৭৫ (১.৭৫ , ২৫) ২২৫ (২.২৫ , ৩৩)
চালক এবং একজন যাত্রী	সামনের পেছনের	১৭৫ (১.৭৫ , ২৫) ২৮০ (২.৮০ , ৪১)



নোটিশ

আমরা পরামর্শ দেই যে টায়ারে সর্বদা সঠিক এয়ার প্রেসার বজায় রাখুন। ত্রুটিপূর্ণ এয়ার প্রেসার অস্বাচ্ছন্দ্য চালনা, টায়ারের স্থায়িত্ব হ্রাস এবং কম মাইলেজের কারণ হতে পারে।

এই বাহনটি উভয় চাকায় টিউবহীন টায়ার লাগানো। সাধারণ টিউব টায়ারের তুলনায়, টিউবহীন টায়ার পেরেক বা সমজাতীয় কোন কিছুর দ্বারা পাংচার বা ছিদ্র হলে অল্প বাতাস ছাড়ে। এ কারণে সেগুলো পরিপূর্ণভাবে স্ফীত থাকলেও টায়ারে কোন কিছু বিঁধে রয়েছে কিনা তা নিয়মিত পরীক্ষা করা গুরুত্বপূর্ণ।

পরীক্ষা

যখনই টায়ার প্রেসার পরীক্ষা করবেন, পাশাপাশি টায়ার ট্রেডস, চাকার দুইপাশে এঁটে যাওয়া, ক্ষতি এবং অন্যান্য বিষয় পরীক্ষা করুন।

খুঁজুন:


- টায়ারের পাশে কোথাও বাম্প (টায়ারের কোন অংশ ফুলে যাওয়া) অথবা বাল্‌জ (স্ফীত অংশ) রয়েছে কিনা দেখুন। বাম্প অথবা বাল্‌জ খুঁজে পেলে টায়ার পরিবর্তন করুন।
- কাঁটা, ছেঁড়া বা কোন ফাটল রয়েছে কিনা দেখুন। যদি ভেতরের গঠন কাঠামো বা তন্ত্রীসমূহ চোখে পড়ে সেক্ষেত্রে টায়ার পরিবর্তন করুন।
- অতিরিক্ত টায়ার ক্ষয়

আপনি যদি রাস্তায় পটহোল বা শক্ত কোন কিছুতে আঘাত করেন, যত দ্রুত সম্ভব বাহনটি সড়কের পাশে নিয়ে যান এবং ভালোভাবে পরীক্ষা করে দেখুন টায়ারের কোন ক্ষতি হয়েছে কিনা।

ট্রেড ওয়্যার বা ট্রেড ক্ষয়

টায়ারের সেন্টার বা কেন্দ্রে ট্রেড গভীরতা নিম্নে উল্লেখিত সীমার মধ্যে পৌঁছাবার আগেই টায়ার পরিবর্তন করুন

সর্বনিম্ন ট্রেড গভীরতা	
সামনের:	১.৫ মিমি (০.০৬ ইঞ্চি)
পেছনের:	২.০ মিমি (০.০৮ ইঞ্চি)



(১) ওয়্যার ইনডিকেটর

(২) ওয়্যার ইনডিকেটর লোকেশন মার্ক বা অবস্থান চিহ্ন

টায়ার মেরামত

টিউবহীন টায়ারের ক্ষেত্রে যদি পাংচার বা কোন ক্ষতি হয়, অনুগ্রহপূর্বক নিকটস্থ টায়ার ম্যানুফেকচার বা প্রস্তুতকারক ডিলারের সাথে যোগাযোগ করুন এবং টায়ার মেরামত কিংবা পরিবর্তনের জন্য তার পরামর্শ অনুসরণ করুন।

⚠ সতর্কীকরণ

অননুমোদিত ব্যক্তির দ্বারা টিউব বিহীন টায়ার মেরামত/ পরিবর্তন করা টায়ারকে ব্যবহার অযোগ্য করে তুলতে পারে বা চালানোর সময় টায়ার অকার্যকর হয়ে পড়তে পারে।

টায়ার পরিবর্তন

আপনার বাহনের সাথে প্রদত্ত টায়ারগুলো বাহনটির পারফরমেন্সের সক্ষমতার সাথে মিলিয়ে নকশাকৃত এবং আপনাকে হ্যান্ডেলিং, ব্রেকিং, স্থায়িত্ব এবং স্বাচ্ছন্দ্যের সর্বোৎকৃষ্ট সমন্বয় প্রদান করবে।

⚠ সাবধানতা

অতিরিক্ত ক্ষয়ে যাওয়া বা ত্রুটিপূর্ণভাবে স্ফীত টায়ারের ব্যবহার দুর্ঘটনার কারণ হতে পারে যা আপনাকে মারাত্মক ভাবে আহত করতে পারে কিংবা আপনি মারা যেতে পারেন।

ব্যবহারকারীর নির্দেশিকাতে উল্লেখিত টায়ার স্ফীতকরণ এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সকল নির্দেশনা অনুসরণ করুন।

আপনার বাহনের জন্য সুপারিশকৃত টায়ার:


সামনের:	৮০/১০০-১৮M/C ৪৭P
পেছনের:	৮০/১০০-১৮M/C ৫৪P

যখনই আপনি টায়ার পরিবর্তন করবেন, আসল টায়ারের সমমানের কোন একটি ব্যবহার করুন এবং নতুন টায়ার লাগানোর পর চাকার ভারসাম্য ঠিক আছে কিনা নিশ্চিত হয়ে নিন।

প্রয়োজনীয় স্বতন্ত্র উপাদান

ইগনিশন সুইচ

ইগনিশন সুইচটি (১) স্পীডোমিটারের নিচে অবস্থিত।



(১) ইগনিশন সুইচ

কী পজিশন/চাবির অবস্থান	ফাংশন বা কাজ	চাবি খোলা
তালা স্টিয়ারিং তালা	স্টিয়ারিং তালাবদ্ধ। ইঞ্জিন এবং বাতিসমূহ চালানো সম্ভব নয়।	চাবি খোলা যায় ।
অফ/বন্ধ	ইঞ্জিন এবং বাতিসমূহ চালানো সম্ভব নয়।	চাবি খোলা যায়।
অন/চালু	ইঞ্জিন এবং বাতিসমূহ চালানো যাবে। টার্ণ সিগন্যাল, টেইল লাইট, পজিশন লাইট, পাসিং লাইট কন্ট্রোল সুইচ এবং হর্ণ চালানো যাবে। ইঞ্জিন চালু থাকলেই শুধুমাত্র হেড লাইট কাজ করে।	চাবি খোলা যায় না।


ডান হ্যান্ডেলবার কন্ট্রোল

স্টার্টার সুইচ (১)

থ্রোটল গ্রিপের পরেই স্টার্টার সুইচ (১) অবস্থিত।

স্টার্টার সুইচ চাপলে ইঞ্জিনের স্টার্টার মোটর চলতে শুরু করে।

স্টার্টিং বা চালুকরণের নিয়মাবলী জানতে দেখুন(পৃষ্ঠা ৩৩)।



(১) স্টার্টার সুইচ

বাম পাশের হ্যান্ডেলবার কন্ট্রোল

নোটিশ

অটোমেটিক হেডল্যাম্প জ্বালানো (এএইচও চালনা)
এর মানে হলো ইঞ্জিন চালু হওয়ার সাথে সাথে সামনের বাতি চালু হয়ে যাবে।

গাড়ী চালানো অবস্থায় সামনের বাতি বন্ধ করার কোন সুঁইচ নেই। "অটোমেটিক হেডল্যাম্প অন" ব্যবস্থাটি গাড়ী চালানো অবস্থায় কুয়াশা বা ধূলোময় পরিবেশে অন্যদেরকে আপনার অবস্থান জানাতে সাহার্য্যে করে।

হেডলাইট ডিমার সুইচ (১)

হাই বীমের জন্য ডিমার সুইচটি ঠেলে (**HI**) নির্বাচন করুন।

বা লো বীমের জন্য সুইচটি সরিয়ে (**LO**) নির্বাচন করুন।

পাসিং লাইট কন্ট্রোল সুইচ (২)


এই সুইচটি চাপলে নিকটবর্তী গাড়িগুলোকে বা অতিক্রমের সময় সিগন্যাল দেয়ার জন্য হেডলাইট ফ্ল্যাশ করবে।

সিগন্যাল সুইচ চালানো (৩)

বাম দিকে মোড় নিতে সুইচটি সরিয়ে (**L**) নির্ধারণ করুন এবং ডান দিকে মোড় নেবার সময় (**R**) নির্ধারণ করুন। সিগন্যাল বন্ধ করতে সুইচ চাপুন।

হর্ণ বোতাম (৪)

হর্ণ বাজাতে বোতাম চাপুন।



(১) হেডলাইট ডিমার সুইচ
(২) পাসিং লাইট কন্ট্রোল সুইচ
(৩) সিগন্যাল সুইচ চালানো
(৪) হর্ণ বোতাম


ফিচার্স বা মুখ্য উপাদান

(অপারেশন বা কার্যকালাপের জন্য প্রযোজ্য নয়)

স্টিয়ারিং লক/তালা

স্টিয়ারিং তালাবদ্ধ করতে হ্যান্ডেলবার ডান অথবা বাম দিকে পুরোপুরি ঘুরান, চাবি (১) ঢুকানোর পর ঘুরিয়ে তালাবদ্ধ করুন। চাবি খুলে ফেলুন। স্টিয়ারিং এর তালা খুলতে চাবি ঘুরিয়ে অফ /বন্ধ করুন।

চালানোর সময় স্টিয়ারিং তালাবদ্ধ করবেন না; অন্যথায় ফলাফল হিসেবে বাহনের নিয়ন্ত্রণ হারাবে।




(১) ইগনিশন কী/চাবি
(ক) পুশ-ইন
(খ) তালাবদ্ধ করা
(গ) বন্ধ করা/তালা খোলা

হেডলাইট এইম ভার্টিক্যাল অ্যাডজাস্টমেন্ট

হেডলাইট অ্যাসেম্বলি প্রয়োজন মতো সরিয়ে ভার্টিক্যাল অ্যাডজাস্টমেন্ট সম্পাদন করা যায়। হেডলাইট অ্যাসেম্বলি সরাতে বোল্ট (১) ঢিলা করুন।

অ্যাডজাস্টমেন্ট সম্পাদনের পর বোল্ট টাইট করুন।

স্থানীয় আইন এবং নিয়ম কানুন মেনে চলুন।



(১) বোল্ট
(ক) উপর
(খ) নিচ

বাম পাশের কভার/ঢাকনা

এয়ার ক্লিনার এলিমেন্ট বা উপাদান রক্ষণাবেক্ষণের জন্য বাম পাশের কভার/ঢাকনা অবশ্যই খুলে ফেলতে হবে।


খোলা:

১. স্ক্রু (১) খুলে ফেলুন।

২. ফুয়েল ট্যাংকের গ্রোমেন্টস (৩) থেকে বাম পাশের কভার/ঢাকনা (২) এবং পেছনের চিমনির ঢাকনা খুলুন।

স্থাপন করা:

- অপসারণ বা খোলার বিপরীত উপায়ে স্থাপন করা যায়।



(১) স্ক্রু
(২) সাইড কভার/পাশের ঢাকনা
(৩) গ্রোমেন্টস

ডান পাশের কভার/ঢাকনা

ব্যাটারি, স্টোরেজ কম্পার্টমেন্ট এবং ফিউজ রক্ষণাবেক্ষণের জন্য ডান পাশের কভার/ঢাকনাটি অবশ্যই খুলতে হবে।


অপসারণ :

১. ইগনিশন চাবি সাইড কভারের কী হোলে (চাবি ঢুকানোর জায়গা) প্রবেশ করান এবং ঘড়ির বিপরীত দিকে ঘুরান।

২. ডান পাশের ঢাকনাটি (২) সাবধানে গ্রোমেটস (৩) থেকে টেনে বার করুন।

স্থাপন করা:

- **অপসারণ বা খোলার বিপরীত উপায়ে স্থাপন করা যায়।**




(১) কী হোল
(২) সাইড কভার/পাশের ঢাকনা
(৩) গ্রোমেটস

স্টোরেজ কম্পার্টমেন্ট এবং প্রাথমিক চিকিৎসা উপকরণ

"স্টোরেজ কম্পর্টমেন্ট" (১) ডান দিকের কাভারের অবস্থিত (পৃষ্ঠা ৩১)। এই কম্পার্টমেন্টটি নথিপত্র এবং হালকা ওজনের উপকরনে বহনের জন্য তৈরি করা হয়েছে।
"প্রাথমিক চিকিৎসার উপকরন" (২) এই কম্পার্টমেন্টে জমা রাখা উচিৎ।

আপনার মোটরসাইকেলটি যখন ধৌত করবেন তখন পুরোপুরি সাবধান থাকুন যাতে এই স্থানে পানি প্রবাহিত না হয়।



(১) স্টোরেজ কম্পার্টমেন্ট
(২) প্রাথমিক চিকিৎসা উপকরন

অপারেশন বা কার্যকালাপ

চালানোর প্রাক-পরীক্ষা

আপনার নিরাপত্তার জন্য প্রত্যেকবার চালানোর আগে কয়েক মুহূর্ত আপনার বাহনের আশেপাশে হেঁটে বাহনটির অবস্থা পরীক্ষা করা খুবই জরুরী। যদি কোন সমস্যা খুঁজে পান সেটির সমাধান নিশ্চিত করুন, অথবা আপনার হোন্ডা ডিলারের মাধ্যমে সংশোধন করুন।

⚠ সাবধানতা

মোটর সাইকেলটির ত্রুটিপূর্ণ রক্ষণাবেক্ষণ অথবা চালাবার আগে সমস্যা সমাধান করতে ব্যর্থ হওয়া দুর্ঘটনার কারণ হতে পারে যেখানে আপনি গুরুতরভাবে আহত বা মারা যেতে পারেন।

প্রত্যেকবার চালানোর আগে পরীক্ষা করুন এবং সমস্যা থাকলে সমাধান করুন।

১. **ইঞ্জিন অয়েল লেভেল** - দরকার হলে ইঞ্জিন অয়েল যোগ করুন (পৃষ্ঠা ২০)। লীক আছে কিনা পরীক্ষা করুন।

২. **ফুয়েল লেভেল** - যখন প্রয়োজন হবে ফুয়েল ট্যাংক পূর্ণ করুন (পৃষ্ঠা ১৮)। লিক বা ফুটো আছে কিনা পরীক্ষা করুন।

৩. **ফ্রন্ট/সামনের এবং রিয়ার/পেছনের ব্রেক** - কার্যক্রম পরীক্ষা করুন।
ফ্রন্ট/ সামনের (ড্রামের জন্য) - দরকার হলে ফ্রি প্লে অ্যাডজাস্ট করুন (পৃষ্ঠা ১৩)।
ফ্রন্ট/সামনের (ড্রামের জন্য) - নিশ্চিত হোন যে কোন ব্রেক ফ্লুয়িড লিকেজ বা ছিদ্র নেই (পৃষ্ঠা ১৩)।
রিয়ার/পেছনের - প্রয়োজন হলে ফ্রি প্লে অ্যাডজাস্ট করুন (পৃষ্ঠা ১৫)।

৪. **টায়ার** - টায়ারের অবস্থা এবং প্রেসার বা চাপ পরীক্ষা করুন (পৃষ্ঠা ২০-২৩)।

৫. **ড্রাইভ চেইন** - কন্ডিশন এবং স্ল্যাক বা ষ্ট্রাস পাওয়া চেক করুন (পৃষ্ঠা ৫২)। দরকার হলে অ্যাডজাস্ট এবং লুব্রিকেট বা পিচ্ছিল করুন।

৬. **থ্রোটল** - মসৃণ ভাবে খোলা এবং সকল স্টিয়ারিং পজিশন/অবস্থান পুরোপুরি বন্ধ করা পরীক্ষা করুন।

৭. **ক্লাচ** - অপারেশন/কার্যক্রম পরীক্ষা করুন এবং প্রয়োজন হলে অ্যাডজাস্ট করুন (পৃষ্ঠা ১৬-১৭)।

৮. লাইট এবং হর্ণ - টার্ণ সিগন্যাল, ইন্ডিকেটরসমূহ এবং হর্ণের কার্যক্রম যথাযথ ভাবে পরীক্ষা করুন।

ইঞ্জিন চালু করা

নিম্নে বর্ণিত যথাযথ চালুকরণ প্রক্রিয়া সর্বদা অনুসরণ করুন।
ইলেকট্রিক স্টার্টার/কিকস্টার্টার চালানোর আগে ক্লাচ বিচ্ছিন্ন করে গিয়ারের ট্রান্সমিশন দ্বারা বাহনটি চালু করা যায়।

আপনার বাহনের এগজস্ট সিস্টেম বা নির্গমন ব্যবস্থার ক্যাটালিটিক কনভার্টারের সুরক্ষার জন্য বাহনটি দীর্ঘ সময় ধরে অবহৃত অবস্থায় রাখবেন না এবং সীসাযুক্ত পেট্রোল পরিহার করুন।

আপনার বাহনের এগজস্ট সিস্টেম বিষাক্ত কার্বন মনোঅক্সাইড গ্যাস ধারণ করে। উচ্চমাত্রার কার্বন মনোঅক্সাইড গ্যারেজের মত বদ্ধ জায়গায় দ্রুত ছড়িয়ে পড়তে পারে।
আপনি গ্যারেজের দরজা বন্ধ থাকা অবস্থায় ইঞ্জিন চালু করবেন। এমনকি দরজা খোলা রাখাবস্থায় ইঞ্জিন দীর্ঘ সময় ধরে চালু রাখতে হলে তা গ্যারেজ হতে সরিয়ে নিয়ে নিন।
ইঞ্জিন চালু থাকা অবস্থায় কিকস্টার্টার প্যাডেলে চাপ প্রয়োগ করবেন না, কেননা তা ইঞ্জিনের ক্ষতির কারন হতে পারে। কিকস্টার্টার প্যাডেলে অতিরিক্ত চাপ প্রয়োগ করবেন না।
কিকস্টার্টার প্যাডেল স্টপে ফিরে আসলে কিকস্টার্টারটি ভাজ করে রাখুন এবং ফুটরেস্টটির ভাঁজ খুলুন।
একই সময় ৫ সেকেন্ডের বেশি ইলেকট্রিক স্টার্টার ব্যবহার করবেন না। পুনরায় প্রেস করার আগে প্রায় ১০ সেকেন্ডের জন্য স্টার্টার বাটনটি ছেড়ে দিন।

প্রস্তুতি

চালু করার আগে চাবি প্রবেশ করান, ইগনিশন সুইচ চালু করুন এবং নিচের বিষয় সমূহ সম্পর্কে নিশ্চিত হোন:

- ট্রান্সমিশন নিউট্রাল বা নিরপেক্ষ অবস্থায় থাকবে (নিউট্রাল ইন্ডিকেটর লাইট চালু থাকবে)।
- জ্বালানী বাল্ব চালু থাকবে।


স্টার্টিং বা চালুকরণ প্রক্রিয়া
গরম ইঞ্জিন পুনরায় চালু করার জন্য নিচের উচ্চ বায়ু তাপমাত্রা পদ্ধতি অনুসরন করুন।
(স্বাভাবিক বায়ু তাপমাত্রা ১০° সে. থেকে ৩৫° সে.)

১. পুরো চালু (এ) করার জন্য সবদিক থেকে চোক নব (১) উপরে টানুন।

২.(ক) **<ইলেকট্রিক স্টার্টার ব্যবহার করে>**
থ্রোটল বন্ধ রেখে স্টার্ট বাটন বা বোতাম চাপুন।

(খ) **<কিকস্টার্টার প্যাডেল ব্যবহার করে>**
সামনে ফুটরেস্ট ভাঁজ করুন এবং কিকস্টার্টারটি দ্রুত নিচে নামিয়ে আনুন যতক্ষণ না বাঁধা অনুভূত হচ্ছে। এরপর এটিকে এর আগের অবস্থানে নিয়ে আসুন। থ্রোটল বন্ধ রেখে দ্রুততার সাথে কিকস্টার্টার ব্যবহার করুন।

৩. ইঞ্জিন চালু হওয়ার সাথে সাথে বি এর "মধ্যবর্তী অবস্থানের" দিকে চক লিভার আনার জন্য চাপ প্রয়োগ করুন।
৪. থ্রোটল সামান্য খোলা ও বন্ধ করার মাধ্যমে ইঞ্জিন উষ্ণ করুন।
৫. ইঞ্জিন চালু হওয়ার ১৫ সেকেন্ড পরে পুরোপুরি অফ (সি) করার জন্য সব দিক হতে চোক নবে চাপ দিন।
৬. দাড়ানো স্থিতিশীল না হলে থ্রোটল সামান্য পরিমানে খুলুন।



(১) চোক লিভার
(এ) পুরোপুরি অন
(বি) মধ্যবর্তী অবস্থান
(সি) পুরোপুরি অফ

উচ্চ বায়ু তাপমাত্রা (৩৫° সে. বা তার বেশি):

১. চোক ব্যবহার করবেন না।
২. **ক <ইলেক্ট্রিক স্টার্টার ব্যবহার করে>**
থ্রোটল ১/৮ থেকে ১/৪ পর্যন্ত খোলা রেখে স্টার্টার বাটনে চাপ দিন
খ <কিকস্টার্টার পেডেল ব্যবহার করে>
কিকস্টার্টার দ্রুত অবনমিত করুন যতক্ষণ না বাধাঁ অনুভূত হচ্ছে।
কিকস্টার্টারকে তার পূর্বের স্থানে আসতে দিন
থ্রোটল ১/৮ থেকে ১/৪ পর্যন্ত খোলা রেখে স্টার্টার বাটনে চাপ দিন
স্ট্রোকের উপর হতে দ্রুত কিক করুন, ধারাবাহিকভাবে চালিয়ে যান।

অল্প বায়ু তাপমাত্রা (১০° সে. বা তার নিচে):

১. "স্বভাবিক বায়ু তাপমাত্রায়" **ধাপ ১ - ২** অনুসরন করুন।
২. থ্রোটল সামান্য খোলা ও বন্ধ করার মাধ্যমে ইঞ্জিন উষ্ণ করুন।
৩. ধারাবাহিকভাবে ইঞ্জিন গরম হতে থাকবেন যতক্ষন না এটি মসৃনভাবে চলবে এং থ্রোটলকে সাড়া দিবে যখন চক নব পুরোপুরি অফ থাকবে।

ইঞ্জিনে প্রবাহ

যদি বারবার চেষ্টা করার পরও ইঞ্জিন চালু হতে ব্যর্থ হয় তবে তা ইঞ্জিনে অতিরিক্ত জ্বালানী প্রবাহিত হওয়ার কারনে হতে পারে।

(স্টার্ট বাটন ব্যবহার করুন)

প্রবহিত ইঞ্জিন পরিষ্কার করার জন্য ইগনিশন স্যুঁইচ চালু করুন এবং চোক নবকে পুরোপুরি বন্ধের দিকে নিয়ে যান। থ্রোটল পুরোপুরি খুলুন এবং ইঞ্জিনকে ৫ সেকেন্ডের জন্য চক্রাকারে ঘোড়ান। যদি ইঞ্জিন চালু হয়ে যায় তবে তাড়াতাড়ি থ্রোটল বন্ধ করে নিন, তারপর ধীরে ধীরে খুলুন যদি মোটরসাইকেলের দাড়িয়ে থাকা অস্থিতিশীল হয়। যদি ইঞ্জিন চালু না হয় তবে ১০ সেকেন্ড অপেক্ষা করুন তারপর চালু করার পদ্ধতি অনুসরন করুন।

(কিকস্টার্টার ব্যবহার করুন)

প্রবহিত ইঞ্জিন পরিষ্কার করার জন্য, ইগনিশন স্যুঁইচ বন্ধ করুন এবং চোক নবকে পুরোপুরি বন্ধের দিকে নিয়ে যান। থ্রোটল পুরোপুরি খুলুন এবং ইঞ্জিনকে কয়েকবারের জন্য কিক স্টার্টার দিয়ে চক্রাকারে ঘোড়ান। ইগনিশন স্যুঁইচটি চালু করুন এবং থ্রোটলটি ধীরে ধীরে খুলুন; কিকস্টার্টার ব্যবহার করে ইঞ্জিন চালু করুন।

রানিং ইন

প্রথম ৫০০ কিমি (৩০০ মাইল) চালানোর সময় মোটরসাইকেলটি কিভাবে চালাচ্ছেন সেটির প্রতি আলাদা মনোযোগ দিয়ে আপনার বাহনের ভবিষ্যৎ নির্ভরযোগ্যতা এবং পারফরমেন্স (সম্পাদিত কার্য) নিশ্চিত করুন।

এই সময়ে ফুল-থ্রোটল স্টার্ট এবং দ্রুত গতিবৃদ্ধি পরিহার করুন।

চালানো

চালানোর আগে মোটরসাইকেলটি নিরাপত্তা পর্যালোচনা করুন (পৃষ্ঠা ৩-৭)। মোটরসাইকেলটি চালাবার আগে নিশ্চিত হয়ে নিন যে সাইড স্ট্যান্ড পুরোপুরি সড়িয়ে বা ফিরাইয়া নেওয়া হয়েছে। যদি স্ট্যান্ড বের হয়ে থাকে সেক্ষেত্রে বাম দিকে মোড় নেবার সময় এটি নিয়ন্ত্রণকে বিঘ্নিত করতে পারে।

১. ইঞ্জিন গরম হবার পর বাহনটি চালনার জন্য প্রস্তুত হয়।

২. ইঞ্জিন নিষ্ক্রিয় করার সময় ক্লাচ লিভার টানুন এবং ১ম (নিম্ন) গিয়ারে শিফট বা স্থানান্তর করতে গিয়ারশিফট প্যাডেল ডিপ্রেস করুন বা দমান।


৩. ধীরে ধীরে ক্লাচ লিভার মুক্ত করুন এবং একই সময়ে থ্রোটল খোলার মাধ্যমে ধীরে ধীরে ইঞ্জিন স্পিড বাড়ান।

থ্রোটল এবং ক্লাচ লিভারের সমন্বয় আপনাকে মসৃণ ইতিবাচক চালুকরণ নিশ্চিত করবে।

৪. যখন বাহনটি পর্যাপ্ত গতি অর্জন করবে তখনথ্রোটল বন্ধ করুন, ক্লাচ লিভার টানুন এবং গিয়ারশিফট প্যাডেল উঠিয়ে ২য় গিয়ারে শিফট বা স্থানান্তর করুন।

৫. মসৃণ ভাবে গতি হ্রাস করতে থ্রোটল এবং ব্রেকসমূহের সমন্বয় করুন।

৬. সামনের এবং পেছনের উভয় ব্রেক একসাথে ব্যবহার করা উচিৎ এবং চাকা তালাবদ্ধ করতে খুব শক্তভাবে প্রয়োগ করা উচিৎ হবে না, অথবা ব্রেকিং কার্যকারিতা কমবে এবং বাহনের নিয়ন্ত্রণ রাখা কঠিন হয়ে উঠবে।



ব্রেকিং

(ড্রাম টাইপ)

আপনার বাহনটি যান্ত্রিকভাবে সক্রিয় ড্রাম ব্রেক দ্বারা সজ্জিত। ব্রেক লিভার পরিচালনা করলে সামনের ড্রাম ব্রেক কাজ করে। ব্রেক প্যাডেল ডিপ্রেস বা দমন করলে পেছনের ড্রাম ব্রেক কাজ করে।

(ডিস্ক টাইপ)

আপনার বাহনটি সামনে হাইড্রলিক্যালি (জলবাহী ভাবে) সক্রিয় ডিস্কব্রেক এবং পেছনে যান্ত্রিকভাবে সক্রিয় ড্রাম ব্রেক দ্বারা সজ্জিত। ব্রেক লিভার পরিচালনা করলে সামনের ড্রাম ব্রেক কাজ করে। ব্রেক প্যাডেল ডিপ্রেস বা দমন করলে পেছনের ড্রাম ব্রেক কাজ করে।

স্বাভাবিক ব্রেকিং এর সময় সড়কের গতির সাথে মিলিয়ে গিয়ার নামাতে ব্রেক প্যাডেল এবং লিভার উভয়ই প্রয়োগ করুন। সর্বোচ্চ ব্রেকিং এর জন্য থ্রোটল বন্ধ করুন এবং, প্যাডেল এবং লেভেল জোরে প্রয়োগ করুন, পুরোপুরি বন্ধ হবার আগে ইঞ্জিন থেমে যাওয়া ঠেকাতে ক্লাচ লিভার টানুন।

গুরুত্বপূর্ণ নিরাপত্তা রিমাইন্ডার

- শুধু ব্রেক লিভার অথবা ব্রেক প্যাডেল এর স্বাধীন ক্রিয়া ডিস্ক এবং ড্রাম ব্রেকের বিভিন্নতার ক্ষেত্রে বাহনের স্টপিং পারফরমেন্স হ্রাস করে।

- ব্রেক কন্ট্রোলের চূড়ান্ত প্রয়োগ হুইল লক এর কারণ হতে পারে, বাহনের নিয়ন্ত্রণ হ্রাস করে।

- যখন সম্ভব মোড় ঘুরবার আগে গতি কমান অথবা ব্রেক করুন; থ্রোটল বন্ধ করা অথবা ঘুরবার মাঝামাঝি ব্রেক করলে চাকা পিছলে যেতে পারে। চাকা পিছলে যাওয়া বাহনের নিয়ন্ত্রণ হ্রাস করে।

- যখন ভেজা অবস্থায় বা বর্ষায় সময় অথবা আলগা পৃষ্ঠের উপর বাহন চালাবেন সেক্ষেত্রে রণকৌশলের এবং থামানোর সক্ষমতা হ্রাস পাবে। এই অবস্থায় আপনার সকল কাজ মসৃণ হতে হবে। দ্রুত গতিবৃদ্ধি, ব্রেকিং অথবা মোড় ঘুরা নিয়ন্ত্রণ হারানোর কারণ হতে পারে। আপনার নিরাপত্তার জন্য ব্রেকিং, গতিবৃদ্ধি অথবা মোড় ঘুরবার সময় চূড়ান্ত সতর্কতা চর্চা করুন।

- দীর্ঘ অবতরণ অথবা খাড়া উতরাই পার হবার সময় উভয় ব্রেক সবিরাম ব্যবহার করে ডাউনশিফটিং এর মাধ্যমে ইঞ্জিন কমপ্রেশন ব্রেকিং ব্যবহার করুন।

- নিরবিচ্ছিন্ন ব্রেক প্রয়োগ ব্রেকসমূহকে প্রচন্ড গরম করতে পারে এবং তাদের কার্যক্ষমতা হ্রাস করে।

- ব্রেক প্যাডেলের উপর পা রেখে অথবা ব্রেক লিভারে হাত রেখে চালালে ব্রেক লাইট সক্রিয় হতে পারে যা অন্যান্য চালকদের ভুল নির্দেশ প্রদান করতে পারে। এটি ব্রেকসমূহ গরম করে তাদের কর্মক্ষমতাও হ্রাস করতে পারে।

পার্কিং

১. বাহনটি বন্ধ করবার পর এর গিয়ার নিউট্রাল বা নিরপেক্ষ করুন, ফুয়েল নব বন্ধ করুন, হ্যান্ডেলবার সম্পূর্ণ বামে বা ডানে ঘুরিয়ে রাখুন, ইগনিশন সুইচ বন্ধ করুন, হ্যান্ডেলবার তালাবদ্ধ করে চাবি খুলে ফেলুন।

২. বাহনটি পার্ক করবার সময় সেন্টার স্ট্যান্ডে ভর দিয়ে রাখুন। বাহনটি যেন পড়ে না যায় সেজন্য শক্তভাবে সমতল জায়গায় পার্ক করুন। যদি আপনাকে ঢালু জায়গাতেই পার্ক করতে হয় সেক্ষেত্রে বাহনের সম্মুখভাগ ক্রমোন্নত রাখুন যেন সেন্টার স্ট্যান্ড গড়িয়ে না পড়ে কিংবা না উল্টায়।

৩. চুরি প্রতিরোধ করতে স্টিয়ারিং তালাবদ্ধ করে রাখুন (পৃষ্ঠা ২৭)।

বাহনটি পার্ক করার সময় এর এগজস্ট সিস্টেমের মধ্যে যেন কোন অগ্নিদাহ্য বস্তু যেমন শুকনো ঘাস কিংবা পাতার সংযোগ না ঘটে সে ব্যাপারে নিশ্চিত হোন।

মেইনটেনেন্স

মেইনটেনেন্সের গুরুত্ব

নিরাপদ, সাশ্রয়ী এবং ঝামেলামুক্ত চালনার জন্য সঠিকভাবে রক্ষণাবেক্ষণকৃত বাহন গুরুত্বপূর্ণ। এটি বায়ু দূষণ কমাতেও সাহায্য করবে।

আপনার বাহনের সঠিক যত্ন নিতে সাহায্য করার জন্য নিম্নোক্ত পৃষ্ঠাগুলোতে একটি রক্ষণাবেক্ষণ সূচি এবং নিয়মিতভাবে নির্ধারিত রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনের জন্য একটি রক্ষণাবেক্ষণ রেকর্ড অন্তর্ভুক্ত করা হল।

এসকল তথ্যাদি এই অনুমানের উপর নির্ভর করে যে বাহনটি শুধুমাত্র এটির নকশাকৃত উদ্দেশ্যে ব্যবহৃত হবে। উচ্চ গতির অপারেশন অথবা অস্বাভাবিক আদ্র বা ধুলাময় এলাকায় চালানোর ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ সূচিতে উল্লেখিত সার্ভিসিং এর চেয়ে অধিকবার সার্ভিসিং করা প্রয়োজন হয়। আপনার নিজস্ব প্রয়োজন এবং ব্যবহারের জন্য আপনার হোন্ডা ডিলারের পরামর্শ নিন।

যদি আপনার বাহন উল্টে যায় বা সংঘর্ষের শিকার হয় সেক্ষেত্রে আপনি নিজে মেরামত কাজ সম্পন্ন করতে সক্ষম হলেও আপনার হোন্ডা ডিলার কর্তৃক বাহনটির প্রধান প্রধান অংশসমূহ পরীক্ষিত হয়েছে তা নিশ্চিত করুন।

⚠ সাবধানতা

ত্রুটিপূর্ণ রক্ষণাবেক্ষণ অথবা কোন সমস্যা থাকলে চালাবার পূর্বেই সেটি সমাধান না করা দুর্ঘটনার কারণ হতে পারে যাতে আপনি গুরুতর আহত হতে পারেন বা মৃত্যু হবে।

ব্যবহারকারীর নির্দেশিকায় পরীক্ষণ, রক্ষণাবেক্ষণ সূচি এবং পরামর্শ সমূহ সর্বদা অনুসরণ করুন।

মেইনটেনেন্স নিরাপত্তা

এই বিভাগে গুরুত্বপূর্ণ রক্ষণাবেক্ষণ কাজের কিছু নির্দেশনা অন্তর্ভুক্ত করা হয়েছে। আপনার যদি প্রাথমিক মেকানিক্যাল বা যান্ত্রিক জ্ঞান থাকে সেক্ষেত্রে সরবরাহকৃত যন্ত্রপাতি দিয়ে এসব কাজের কিছু আপনি নিজেই সম্পাদন করতে পারেন।

অন্যান্য কাজ যেগুলো আরো কঠিন এবং বিশেষ যন্ত্রপাতির প্রয়োজন সেগুলো পেশাদারী লোকজন সর্বোত্তমরূপে সম্পাদন করেন। চাকা খোলার কাজ শুধুমাত্র একজন হোন্ডা টেকনিশিয়ান বা যন্ত্রবিদ এবং অন্যান্য যোগ্যতাসম্পন্ন মিস্ত্রিদের দিয়ে করানো উচিৎ। নির্দেশিকাতে শুধু মাত্র জরুরী সেবায় সহায়তা করার জন্য নির্দেশনা অন্তর্ভুক্ত করা হয়েছে।

কিছু অতি গুরুত্বপূর্ণ নিরাপত্তা সতর্কতা নিম্নে উল্লেখ করা হল। যাই হোক, রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনের পর সৃষ্ট প্রতিটি অনুমেয় বিপদ সম্পর্কে আমরা আপনাকে সতর্ক করতে পারি না। কেবল আপনিই সিদ্ধান্ত নিতে পারেন নির্দিষ্ট কাজটি আপনার করা উচিৎ হবে কিনা।

⚠ সাবধানতা

রক্ষণাবেক্ষণ নির্দেশনা এবং সতর্কতা যথাযথভাবে অনুসরণে ব্যর্থ হলে আপনি গুরুতর আহত হতে পারেন বা মৃত্যু হবে।

ব্যবহারকারীর নির্দেশিকায় উল্লেখিত প্রক্রিয়া এবং সতর্কতা সর্বদা অনুসরণ করুন।

নিরাপত্তা সতর্কতা

- রক্ষণাবেক্ষণ বা মেরামত কাজ শুরু করবার আগে ইঞ্জিন বন্ধ কিনা নিশ্চিত হয়ে নিন। এটি সম্ভাব্য নানান বিপদ দূর করতে সাহায্য করবে:

  * **ইঞ্জিন এগজস্ট হতে কার্বন মনো অক্সাইড বিষক্রিয়া।**

    যখনই আপনি ইঞ্জিন চালাবেন, নিশ্চিত হয়ে নিন যে সেখানে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা রয়েছে।

  * **গরম যন্ত্রাংশ থেকে পুড়ে যাওয়া**

    স্পর্শ করবার আগে ইঞ্জিন এবং এগজস্ট সিস্টেমকে ঠান্ডা হতে দিন।

  * **চলমান যন্ত্রাংশ থেকে আহত হওয়া**

    সেরকম নির্দেশনা না থাকলে ইঞ্জিন চালাবেন না।

- শুরু করবার আগে নির্দেশনা পড়ে নিন এবং নিশ্চিত হয়ে নিন যে আপনার প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং দক্ষতা রয়েছে।

- বাহনটিকে পড়ে যাওয়া থেকে ঠেকাতে এর সেন্টার স্ট্যান্ড অথবা সাপোর্টের জন্য একটি রক্ষণাবেক্ষণ স্ট্যান্ডের উপর ভর করে সমতল জায়গায় দৃঢ়ভাবে পার্ক করুন।

- আগুন ধরে যাওয়া বা বিস্ফোরণের সম্ভাবনা হ্রাস করতে পেট্রোল এবং ব্যাটারি নিয়ে কাজ করার সময় সতর্ক থাকুন। যন্ত্রাংশ পরিষ্কার করতে শুধুমাত্র অগ্নি-অদাহ্য দ্রবণ ব্যবহার করুন, পেট্রোল নয়। ব্যাটারি এবং সকল জ্বালানী সংশ্লিষ্ট যন্ত্রাংশ থেকে সিগারেট, অগ্নিকণা এবং অগ্নিশিখা দূরে রাখুন।

মনে রাখবেন আপনার হোন্ডা ডিলার আপনার বাহন সম্পর্কে সবচেয়ে ভালো জানেন এবং এটি রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য সম্পূর্ণ সজ্জিত।

সেরা গুণগত মান এবং নির্ভরতা নিশ্চিত করার জন্য শুধুমাত্র হোন্ডা যন্ত্রাংশ অথবা তাদের সমমানের গুলো দ্বারা মেরামত বা পরিবর্তন করুন।

মেইনটেনেন্স সিডিউল

প্রতিবার তালিকাভুক্ত রক্ষণাবেক্ষণের সময় চালাবার পূর্ব পরীক্ষণ (পৃষ্ঠা নম্বর ২৯ দেখুন) সম্পাদন করুন।

I: পরিদর্শন করা (পরিষ্কার, অ্যাডজাস্ট বা সমন্বয়, লুব্রিকেট বা পিচ্ছিল করা অথবা পরিবর্তন করা, যদি প্রয়োজন হয়)।

C: পরিষ্কার R: পরিবর্তন A: অ্যাডজাস্ট বা সমন্বয় L: লুব্রিকেট বা পিচ্ছিল করা।

উল্লেখিত রক্ষণাবেক্ষণ সূচি আপনার বাহনটিকে সর্বোচ্চ কার্যক্ষম অবস্থায় রাখতে দরকারি সকল রক্ষণাবেক্ষণ শর্তাবলী নির্দিষ্ট করে। রক্ষণাবেক্ষণের কাজ হোন্ডার আদর্শ এবং বিবরণ অনুযায়ী যথাযথ ভাবে প্রশিক্ষিত এবং সজ্জিত টেকনিশিয়ান বা যন্ত্রবিদ দ্বারা সম্পাদন করা উচিৎ। আপনার হোন্ডা ডিলার এসকল শর্তাবলী পূরণ করে।

* ব্যবহারকারীর উপযুক্ত যন্ত্রপাতি এবং সার্ভিস ডাটা না থাকলে, এবং যান্ত্রিকভাবে যোগ্যতা সম্পন্ন না হলে অবশ্যই হোন্ডা ডিলারের মাধ্যমে সার্ভিসিং করতে হবে। অফিসিয়াল হোন্ডা শপ নির্দেশিকা অনুসরণ করুন।

** নিরাপত্তার স্বার্থে আমরা আপনাকে এসব সার্ভিসিং কাজ হোন্ডা ডিলারের মাধ্যমে সম্পন্ন করার পরামর্শ দেই।

হোন্ডার পরামর্শ অনুযায়ী প্রত্যেকবার নির্ধারিত রক্ষণাবেক্ষণ কার্য সম্পাদনের পর আপনার হোন্ডা ডিলার বাহনটি সড়কে পরীক্ষা করবে।

টীকাঃ (১) উচ্চতর অডোমিটার রিডিং এর ক্ষেত্রে এখানে প্রতিষ্ঠিত বিরতির হারে পুনর্বার করুন।

(২) অস্বাভাবিকভাবে আদ্র এবং ধুলাময় এলাকাসমূহে চালানোর সময় প্রায়ই সার্ভিস করান।

(৩) বৃষ্টিতে চালানোর সময় অথবা সম্পূর্ণ থ্রোটলে চালানোর সময় প্রায়ই সার্ভিস করান।

(৪) কোন প্রকারের পরিবর্তনের জন্য যান্ত্রিক বা মেকানিক্যাল দক্ষতা প্রয়োজন।

	ফ্রিকুয়েন্সি / আইটেম	নোট	চালানোর পূর্ব পরীক্ষা	অডোমিটার পাঠ (নোট ১)										
				X ১০০০ কিমি	১	৪	৮	১২	১৬	২০	২৪	বার্ষিক পরীক্ষা	নিয়মিত পরীক্ষা	পৃষ্ঠা নির্দেশ
				মাস	১	৪	৮	১২	১৬	২০	২৪			
*	ফুয়েল লাইন					I	I	I	I	I	I	I		-
	ফুয়েল লেভেল		I											-
*	ফুয়েল স্ট্রেইনার স্ক্রিন					C	C	C	C	C	C			-
*	থ্রোটল অপারেশন		I			I	I	I	I	I	I	I		৪৯
*	এয়ার ক্লিনার	নোট (২)							R					৫০
	ক্র্যাংককেস ব্রিদার	নোট (৩)				C	C	C	C	C	C	C		৪৫
	স্পার্ক প্লাগ					I	R	I	R	I	R			৪৬
*	ভালভ ক্লিয়ারেন্স				I	I	I	I	I	I	I			-
	ইঞ্জিন অয়েল		I		R	R	R	R	R	R	R	R		৪৩
**	ইঞ্জিন অয়েল স্ট্রেইনার স্ক্রিন				C			C			C			-
**	ইঞ্জিন অয়েল সেন্ট্রিফিউগাল ফিল্টার							C			C			-
*	ইঞ্জিন আইডল স্পিড				I	I	I	I	I	I	I	I		৪৯
*	সেকেন্ডারি এয়ার সাপ্লাই সিস্টেম								I					-
	ড্রাইভ চেইন		I	প্রতি ১০০০ কিমি I, L										৫১
*	ব্যাটারি ভোল্টেজ				I	I	I	I	I	I	I	I		
	ব্রেক ফ্লুয়িড (ডিস্কের জন্য)	নোট (৪)	I			I	I	I	I	I	I	I	২ বছর	১৬

বাহনটি অবশ্যই প্রতি ৪০০০ কিমি চালানোর পর অথবা পূর্ববর্তী সার্ভিসিং এর তারিখ থেকে ৪ মাসের মধ্যে আবার সার্ভিসিং করাতে হবে। টীকার জন্য ৪০ নম্বর পৃষ্ঠায় যান।

	ফ্রিকুয়েন্সি / আইটেম	নোট	চালানোর পূর্ব পরীক্ষা	অডোমিটার পাঠ (নোট ১)								বার্ষিক পরীক্ষা	নিয়মিত পরীক্ষা	পৃষ্ঠা নির্দেশ
				x ১০০০ কিমি	১	৪	৮	১২	১৬	২০	২৪			
				মাস	১	৪	৮	১২	১৬	২০	২৪			
	ব্রেক স্যুজ ওয়্যার (ড্রামের জন্য)		I			I	I	I	I	I	I	I		৬৩
	ব্রেক স্যুজ/প্যাডস ওয়্যার (ডিস্কের জন্য)		I			I	I	I	I	I	I	I		৬২,৬৩
	ব্রেক সিস্টেম		I		I	I	I	I	I	I	I	I		১২-১৬
	ব্রেক লাইট সুইচ					I	I	I	I	I	I	I		-
	হেড লাইট আইম					I	I	I	I	I	I	I		২৭
	লাইটস/হর্ণ		I		I	I	I	I	I	I	I	I		-
	ক্লাচ সিস্টেম		I		I	I	I	I	I	I	I	I		১৬
	সাইড স্ট্যান্ড					I	I	I	I	I	I	I		৫৭
*	সাসপেনশন					I	I	I	I	I	I	I		৫৭
*	নাট, বোল্ট, ফাস্টেনার				I		I		I		I	I		-
**	চাকা/টায়ার		I			I	I	I	I	I	I	I		-
**	স্টিয়ারিং হেড বিয়ারিংস				I			I			I	I		-


বাহনটি অবশ্যই প্রতি ৪০০০ কিমি চালানোর পর অথবা পূর্ববর্তী সার্ভিসিং এর তারিখ থেকে ৪ মাসের মধ্যে আবার সার্ভিসিং করাতে হবে।
টীকার জন্য ৪০ নম্বর পৃষ্ঠায় যান।

টুল কিট এবং ফার্স্ট এইড কিট

টুল কিট (১) এবং ফার্স্ট এইড কিট (২) ডান পাশের কভারের নিচে স্টোরেজ কম্পার্টমেন্টের ভিতর থাকে।

কিটে থাকা টুল বা যন্ত্রপাতি দিয়ে আপনি সড়কের পাশে কিছু মেরামত কাজ, ছোটখাট সমন্বয় এবং যন্ত্রাংশ বদলাতে পারবেন।

- টুল ব্যাগ
- স্প্যানার ১৪x১৭ মিমি
- রেঞ্চ স্পার্ক প্লাগ
- ড্রাইভার স্ক্রু (নং ২ +/-)



(১) টুল কিট
(২) ফার্স্ট এইড কিট

কালার কোড

কালার টেবিল নিম্নে সংযুক্ত করা হল।
কোন যন্ত্রাংশ পরিবর্তনের সময় এটি কাজে দেয়।

ক্রমিক নং	কালার	কালার কোড
১.	কালো	NH1
২.	পার্ল অ্যামেজিং হোয়াইট	NHB63
৩.	অ্যাথলেটিক ব্লু মেটালিক	PB396
৪.	সানসেট ব্রাউন মেটালিক	YR333
৫.	ইম্পেরিয়াল রেড মেটালিক	R355
৬.	ম্যাট এক্সিস গ্রে মেটালিক	NH303

উপরের কালার কোড টেবিল আপনার বাহনের রং এর সাথে মিলিয়ে সঠিক রং এর যন্ত্রাংশ সরবরাহ করতে সাহায্য করে।

ইঞ্জিন অয়েল


৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

ইঞ্জিন অয়েল

ভালো ইঞ্জিন অয়েলের রয়েছে নানা কাঙ্ক্ষিত গুণাবলী। এপিআই সার্ভিস ক্লাসিফিকেশন এমএ-র চাহিদা পূরণের জন্য শুধুমাত্র উচ্চ ডিটারজেন্ট বা দ্রবণ এবং কন্টেইনারের গায়ে সত্যায়িত মান সম্মত মোটর অয়েল ব্যবহার করুন।

ভিসকোসিটি / সান্দ্রতা

আপনার চালনার এলাকার গড় পারিপার্শ্বিক তাপমাত্রার উপর ভিত্তি করে ইঞ্জিন অয়েলের সান্দ্রতার শ্রেণী ঠিক করা উচিৎ। বিভিন্ন তাপমাত্রার এলাকায় ব্যবহারের তেলের জন্য যথাযথ সান্দ্রতা শ্রেণী নির্বাচনের একটি গাইড প্রদান করা হল।



ইঞ্জিন অয়েল

ইঞ্জিনের সার্ভিস লাইফের অন্যতম প্রধান উপাদান হলো ইঞ্জিন অয়েলের মান। নির্দেশিকা সূচিতে বর্ণিত বিবরণ অনুযায়ী ইঞ্জিন অয়েল পরিবর্তন করুন (পৃষ্ঠা ২৯)।


যখন অত্যন্ত ধুলাময় এলাকায় চালাবেন, তেল পরিবর্তনের কাজটি রক্ষণাবেক্ষণ সূচিতে উল্লেখিত নির্দেশনার চেয়ে অধিক সংখ্যকবার সম্পাদন করতে হবে।

ব্যবহৃত ইঞ্জিন অয়েল এমন ভাবে সমাপ্ত করুন যেন তা পরিবেশের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। একটি নাম মুদ্রাঙ্কিত কন্টেইনারে এটি ভরে স্থানীয় পুনর্ব্যবহার কেন্দ্রে বা সার্ভিস স্টেশনে শোধনের জন্য নিয়ে যাওয়ার পরামর্শ দিচ্ছি। ব্যবহৃত তেল আবর্জনার মধ্যে ফেলবেন না বা মাটিতে ঢালবেন না অথবা নিচের নর্দমায় ফেলবেন না।

ব্যবহৃত ইঞ্জিন অয়েলের সাথে ত্বকের দীর্ঘ সময় ধরে যোগাযোগ ত্বকের ক্যান্সারের কারণ হতে পারে। যদিও এটি সম্ভব নয় যদি না আপনি প্রতিদিন এটি নিয়ে কাজ করেন, তবুও ইঞ্জিন অয়েল নিয়ে কাজ করার পর সাথে সাথে আপনার হাত সাবান এবং পানি দিয়ে যতদ্রুত সম্ভব ধুয়ে ফেলার পরামর্শ দিচ্ছি।

সম্পূর্ণ এবং দ্রুত নিষ্কাশন নিশ্চিত করতে বাহনটি এর সেন্টার স্ট্যান্ডের উপর ভর করে রাখুন এবং স্বাভাবিক পরিচালন তাপমাত্রায় রেখে ইঞ্জিন অয়েল পরিবর্তন করুন।

১. তেল নিষ্কাশনের জন্য অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক এবং অয়েল ড্রেইন বোল্ট (১) এবং সীলিং ওয়াশার (২) খুলে ফেলুন।



(১) অয়েল ড্রেইন বোল্ট
(২) সীলিং ওয়াশার

২. রয়ে যাওয়া তেল পুরোপুরি নিষ্কাশনে সহায়তা করতে কয়েকবার কিকস্টার্টার পরিচালনা করুন।

৩. ড্রেইন বোল্টের উপর সীলিং ওয়াশার ভালো অবস্থায় রয়েছে কিনা পরীক্ষা করুন এবং বোল্ট স্থাপন করুন। প্রয়োজন হলে প্রতিবার অথবা প্রত্যেক অন্যবার তেল পরিবর্তনের সময় সীলিং ওয়াশার পরিবর্তন করুন।

অয়েল ড্রেইন বোল্ট টর্ক:

২৪ N·m (২.৪ kgf·m , ১৭.৭ lbf·ft)

৪. সুপারিশকৃত গ্রেড অয়েল দিয়ে ক্র্যাংককেস পূর্ণ করুন; আনুমানিক:

০.৯ L (০.৯ US qt , ০.৮ Imp qt)

৫. অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক স্থাপন করুন। যদি স্থাপনের সময় কোন টর্ক রেঞ্চ ব্যবহার না করা হয়, যথাযথ এসেম্বলি যাচাইয়ের জন্য যত দ্রুত সম্ভব আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

৬. ইঞ্জিন চালু করুন এবং ৩-৫ মিনিট স্থির থাকতে দিন।

৭. ইঞ্জিন বন্ধ করবার পর ২-৩ মিনিট অপেক্ষা করুন, বাহনটি সমতল জায়গায় দৃঢ়ভাবে খাড়া রেখে পরীক্ষা করে দেখুন অয়েল লেভেল অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিকের উপরের লেভেল চিহ্ন বরাবর আছে কিনা। কোন অয়েল লিক বা ছিদ্র নেই সে ব্যাপারে নিশ্চিত হোন।

ক্র্যাংককেস ব্রিদার


৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন

১. যদি প্রয়োজন হয় বাম পাশের কভার বা ঢাকনি খুলে ফেলুন (পৃষ্ঠা ২৮)।

২. টিউব থেকে ক্র্যাংককেস ব্রিদার টিউব প্লাগ (১) খুলুন এবং সুবিধাজনক কন্টেইনারে ঢেলে জমা রাখুন।

৩. ক্র্যাংককেস ব্রিদার পুনরায় স্থাপন করুন।

বৃষ্টিতে চালানোর সময় অথবা সম্পূর্ণ থ্রোটলে চালালে বার বার সার্ভিস করান।



(১) ক্র্যাংককেস ব্রিদার টিউব প্লাগ

স্পার্ক প্লাগ

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

সুপারিশকৃত প্লাগ

স্ট্যান্ডার্ড বা আদর্শ: CPR7EA - 9 (NGK)


নোটিশ

ত্রুটিপূর্ণ উত্তাপে কখনোই স্পার্ক প্লাগ ব্যবহার করবেন না। এটি ইঞ্জিনের মারাত্মক ক্ষতি সাধন করতে পারে।

১. স্পার্ক প্লাগ থেকে স্পার্ক প্লাগ ক্যাপের (১) সংযোগ বিচ্ছিন্ন করুন।

২. স্পার্ক প্লাগের গোড়ার চারপাশে কোন নোংরা থাকলে পরিষ্কার করুন।

টুল কিটে সজ্জিত স্পার্ক প্লাগ রেঞ্চ (২) ব্যবহার করে স্পার্ক প্লাগ খুলে ফেলুন।




(১) স্পার্ক প্লাগ ক্যাপ
(২) স্পার্ক প্লাগ রেঞ্চ

৩. কোন কিছু জমা হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া কিংবা অপরিচ্ছন্ন কার্বনের জন্য ইলেকট্রোড এবং মাঝের পোরসিলেইন বা চিনা মাটির বাসন পরীক্ষা করুন। ক্ষয় এবং জমা হওয়া বেশি হলে প্লাগ পরিবর্তন করুন। একটি প্লাগ পরিষ্কারক দিয়ে অথবা ওয়্যার ব্রাশ ব্যবহার করে আদ্র-অপরিচ্ছন্ন প্লাগ পরিষ্কার করুন।

৪. একটি ওয়্যার ফিলার গজ বা পরিমাপ যন্ত্র ব্যবহার করে স্পার্কপ্লাগ গ্যাপ (৩) পরীক্ষা করুন। যদি অ্যাডজাস্টমেন্ট প্রয়োজন হয় পাশের ইলেকট্রোড সাবধানে বাঁকান।

গ্যাপের পরিমাণ হবে নিম্নরূপ:
০.৮ - ০.৯ মিমি (০.০৩-০.০৪ ইঞ্চি)



(৩) স্পার্ক প্লাগ গ্যাপ
(৪) সাইড ইলেকট্রোড

৫. প্লাগ ওয়াশার ভালো অবস্থায় রয়েছে কিনা নিশ্চিত হোন।

৬. উল্টো গিঁট লেগে যাওয়া ঠেকাতে সংযুক্ত প্লাগ ওয়াশার ব্যবহার করে স্পার্ক প্লাগ স্থাপন করুন।

৭. স্পার্ক প্লাগ টাইট করুন:

- যদি পুরোনো প্লাগ ভালো থাকে: এটি বসানোর পর ১/৮ বার ঘুরান।
- নতুন প্লাগ স্থাপনের ক্ষেত্রে ঢিলা হয়ে যাওয়া এড়াতে দুইবার টাইট করুন।

(ক) প্রথমে প্লাগ টাইট করুন: এটি বসানোর পর ১/২ বার ঘুরান।

(খ) অতঃপর প্লাগ ঢিলা করুন।

(গ) পরবর্তীতে, আবারো প্লাগ টাইট করুন: বসানোর পর ১/৮ বার ঘুরান।

নোটিশ

ত্রুটিপূর্ণভাবে টাইট করা স্পার্ক প্লাগ ইঞ্জিনের ক্ষতি করতে পারে। যদি কোন স্পার্ক প্লাগ খুব ঢিলা থাকে সেটি পিস্টনের ক্ষতি করতে পারে। আবার কোন প্লাগ অত্যন্ত টাইট হলে তা থ্রেডসমূহের ক্ষতি হতে পারে।

৮. স্পার্ক প্লাগের ক্যাপ পুনরায় স্থাপন করুন। কোন ক্যাবল অথবা তারে চিমটি না কাটার ব্যাপারে যত্নশীল থাকুন।

ভালভ ক্লিয়ারেন্স

পৃষ্ঠা ৩৯ এর নিরাপত্তা সতর্কতাগুলি দেখুন।

যদি ব্যবহারকারীর নিকট সঠিক উপকরন এবং সার্ভিস ডাটা ও কারিগরি দক্ষতা না থাকে তবে আপনার হোন্ডা ডিলারের মাধ্যমে সাভিসিং করানো উচিৎ। অফিশিয়াল হোন্ডা শপ নির্দেশিকা দেখুন।


অতিরিক্ত ভাল্ব ক্লিয়ারেন্স শব্দ দূষণের কারন হতে পারে এবং অবশেষে তা ইঞ্জিনের ক্ষতির কারন হতে পারে। অল্প ক্লিয়ারেন্স না রাখলে তা ভাল্বকে বন্ধ হওয়া থেকে প্রতিরোধ করে এবং ফলশ্রুতিতে তা ভাল্বের ক্ষতি এবং কার্যক্ষমতা কমিয়ে দিতে পারে। যখন ইঞ্জিন ঠান্ডা থাকবে তখন নির্দিষ্ট বিরতিতে ভাল্ব ক্লিয়ারেন্স পরীক্ষা করুন। ইঞ্জিন যখন ঠান্ডা থাকবে তখন ক্লিয়ারেন্স পরীক্ষা করা বা সমন্বয় করা উচিৎ। ইঞ্জিনের তাপমাত্রা বেড়ে গেলে ক্লিয়ারেন্স পরিবর্তন হতে পারে। যখন পিস্টোন কম্প্রেশন স্ট্রোকের উপরে থাকবে তখন সমন্বয় করতে হবে যখন ইন্টেক এবং এগজস্ট ভাল্ব বন্ধ থাকবে।

১. "টাইমিং হোল ক্যাপ" (১) অপসারন করুন।

২. সিলিন্ডার হেড কভার অপসারন করুন।

৩. ফ্লাইহুইল ঘড়ির কাটার বিপরীত দিকে ঘোরান যতক্ষন না "টি চিহ্ন" ফ্লাইহুইলের লাইনের সাথে ক্র্যাংককেসের "ইন্ডেক্স মার্কের" উপরে থাকবে।

এই অবস্থানে, পিস্টোন হয় কম্প্রেশন নয়তো এগজস্ট স্ট্রোকের উপর থাকবে।




(১) টাইমিং হোল ক্যাপ
(২) "টি" চিহ্ন
(৩) ইন্ডেক্স চিহ্ন

রকার আর্মস নাড়াচাড়ার মাধ্যমে এই অবস্থা নির্ধারিত হতে পারে। যদি এগুলো মুক্ত হয় তবে এটি একটি ইঙ্গিত যে ভাল্বসমূহ বন্ধ আছে এবং যে পিস্টন কম্প্রেশন স্ট্রোকে আছে। যদি এগুলো টাইট থাকে এবং ভাল্ব খোলা থাকে ফ্লাইহুইল ৩৬০° ডিগ্রী বরাবর ঘোরান এবং ইন্ডেক্স মার্কের উপর "টি" চিহ্ন পুনঃসংস্থাপিত করুন।

"সমন্বয় স্ক্রু" (৫) এবং ভাল্ব স্টেমের মধ্যে ফিলার গজ (৪) প্রবেশ করানোর মধ্যদিয়ে উভয় ভাল্বের ক্লিয়ারেন্স পরীক্ষা করুন।

ক্লিয়ারেন্স হওয়া উচিৎ:
ইন্টেক: ০.১০ মিমি (০.০০৪ ইঞ্চি)
এগজস্ট: ০.১৫ মিমি (০.০০৬ ইঞ্চি)

যদি সমন্বয় করার প্রয়োজন হয়, "সমন্বয় স্ক্রু লক নাট" (৬) আলগা করুন এবং সমন্বয় স্ক্রু ঘুরান যাতে যখন ফিলার গজ প্রবেশ করানো হবে তখন যেন তা হালকা বাধা প্রাপ্ত হয়। সমন্বয় সম্পন্ন করার পর, সমন্বয় স্ক্রু ঘোরা হতে রক্ষা করে সমন্বয় স্ক্রু লক নাট শক্ত করুন।



(৪) ফিলার গজ
(৫) সমন্বয় স্ক্রু
(৬) সমন্বয় স্ক্রু লক নাট

অবশেষে, ক্লিয়ারেন্স যাতে বিঘ্নিত না হয় তা নিশ্চিত করার জন্য ক্লিয়ারেন্স পুনরায় পরীক্ষা করুন।


আইডল স্পীড

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

সঠিক আইডল স্পীড অ্যাডজাস্টমেন্টের জন্য ইঞ্জিনটি অবশ্যই স্বাভাবিক পরিচালন তাপমাত্রায় থাকতে হবে। বন্ধ করুন এবং চালু করুন প্রক্রিয়ায় ১০ মিনিট চালনা যথেষ্ট হবে।

সিস্টেমের অন্য কোন সমস্যার জন্য আইডল স্পীড অ্যাডজাস্ট করে খেসারত দিতে যাবেন না। নিয়মিত তালিকাভুক্ত কার্বুরেটর অ্যাডজাস্টমেন্টের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

১. ইঞ্জিন গরম করুন এবং নিউট্রাল রাখুন, এবং বাহনটি এর সেন্টার স্ট্যান্ডে ভর করে রাখুন।
২. একটি টেকোমিটার ইঞ্জিনের সাথে যুক্ত করুন।
৩. থ্রোটল স্টপ স্ক্রু (১) এর সাথে আইডল স্পীড অ্যাডজাস্ট করুন।
   আইডল স্পীড (নিউট্রাল অবস্থায়) :
   ১,৪০০ ± ১০০ min^{-1} (rpm)



(১) থ্রোটল স্টপ স্ক্রু
(ক) বৃদ্ধি
(খ) হ্রাস

থ্রোটল

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।


১. উভয় সম্পূর্ণ স্টিয়ারিং অবস্থানের সম্পূর্ণ খোলা থেকে সম্পূর্ণ বন্ধ অবস্থায় থ্রোটল গ্রিপের মসৃণ ঘূর্ণন পরীক্ষা করুন।

২. থ্রোটল গ্রিপ ফ্ল্যাঞ্জে (চক্রের উন্নত পার্শ্ব) থ্রোটল গ্রিপ ফ্রি প্লে পরিমাপ করুন।

আদর্শ ফ্রি প্লে হওয়া উচিৎ আনুমানিকভাবে :

২-৬ মিমি (০.০৮-০.২৪ ইঞ্চি)

ফ্রি প্লে অ্যাডজাস্ট করতে লক নাট (১) ঢিলা করুন এবং অ্যাডজাস্টারটি (২) ঘুরান।



(১) লক নাট
(২) অ্যাডজাস্টার

এয়ার ক্লিনার


৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

এয়ার ক্লিনার উপাদান নিয়মিত নির্দিষ্ট বিরতির পর বদলাতে হবে (দ্রষ্টব্য পৃষ্ঠা ৩৯)। অস্বাভাবিক আদ্র এবং ধুলাময় এলাকায় চালানোর ক্ষেত্রে ঘনঘন পরিবর্তন করুন।

১. বাম পাশের কভার বা ঢাকনা খুলুন (পৃষ্ঠা ২৮)।

২. স্ক্রু (১), বায়ু পরিষ্কারক সীল (২) এবং বায়ু পরিষ্কারক হাউজিং কভার (৩) খুলুন।

৩. এয়ার ক্লিনার উপাদান খুলে ফেলুন এবং বদলিয়ে লাগান।



(১) স্ক্রু
(২) বায়ু পরিষ্কারক সীল
(৩) বায়ু পরিষ্কারক হাউজিং কভার
(৪) বায়ু পরিষ্কারক উপাদান

৪. বিভিন্ন রকমের এয়ার ফিল্টার নিয়মিত বদলাতে হবে। পরিষ্কার করে পুনরায় ব্যবহার করবেন না।


৫. যদি কম্প্রেসড এয়ার অথবা দাব্য ব্যবহার করে ফিল্টার উপাদান পরিষ্কার করা হয় সেক্ষেত্রে সান্দ্র তেল ফুরিয়ে যাবে কেননা ভিত্তির উপাদান হচ্ছে মোটা কাগজ, বাতাসের সাথে ময়লা ইঞ্জিনে ঢুকে ইঞ্জিনের ক্ষতি করতে পারে।

৬. অতিরিক্ত নোংরা হলে, ছিঁড়ে গেলে বা কোন ক্ষতি হলে এয়ার ক্লিনার উপাদান পরিবর্তন করুন। আপনার নির্দিষ্ট মডেলের জন্য আসল হোন্ডা বায়ু পরিষ্কারক উপাদান ব্যবহার করুন। ভুল হোন্ডা এয়ার ক্লিনার উপাদান অথবা সঠিক মান বহির্ভূত হোন্ডার নয় এমন এয়ার ক্লিনার উপাদান ব্যবহার ইঞ্জিনের অকাল ক্ষয় অথবা কর্ম সম্পাদনের সমস্যা সৃষ্টি করতে পারে।

৭. যে উপায়ে খুলেছেন তার বিপরীত উপায়ে লাগান।

⚠ সতর্কতা

এয়ার ক্লিনার উপাদান পরিষ্কার করার জন্য বায়ু এবং পানি ব্যবহার করবেন না। নিয়মিত নির্দিষ্ট বিরতির পর পর বদলাতে হবে।



ড্রাইভ চেইন

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

একটি ড্রাইভ চেইনের সার্ভিস লাইফ বা স্থায়িত্ব যথাযথ লুব্রিকেশন এবং অ্যাডজাস্টমেন্টের উপর নির্ভর করে। খারাপ রক্ষণাবেক্ষণ অকাল ক্ষয় অথবা ড্রাইভ চেইন এবং স্প্রোকেটসমূহের ক্ষতির কারণ হতে পারে।


চালনার পূর্ব পরীক্ষণের অংশ হিসেবে ড্রাইভ চেইন পরীক্ষা এবং পিচ্ছিল করতে হবে (পৃষ্ঠা ২৯)। অতিরিক্ত ব্যবহারের ক্ষেত্রে অথবা বাহনটি অস্বাভাবিক আদ্র এবং কর্দমাক্ত এলাকায় চালানোর সময় অধিক রক্ষণাবেক্ষণ প্রয়োজন।

পরীক্ষা:

১. ইঞ্জিন বন্ধ করুন, বাহনটি সেন্টার স্ট্যান্ডের উপর ভর করে রাখুন এবং ট্রান্সমিশন নিউট্রাল করুন।

২. ইনস্পেকশন ক্যাপ (১) খুলুন। আঙ্গুলের সাহায্যে চেইনটি উপরে এবং নিচে সরান। উল্লেখিত শীর্ষস্থ হাতের নড়াচড়া অনুমোদন করতে ড্রাইভ চেইন (২) স্ল্যাক আনুমানিকভাবে অ্যাডজাস্ট করতে হবে:

নিম্নরূপ চেইন স্ল্যাক হবে:
২৫-৩৫ মিমি (০.৯৮ - ১.৩৮ ইঞ্চি)




(১) ইনস্পেকশন ক্যাপ
(২) ড্রাইভ চেইন

৩. পেছনের চাকা চক্রাকারে ঘুরান। থামুন, ড্রাইভ চেইন স্ল্যাকনেস পরীক্ষা করুন। একই প্রক্রিয়া কয়েকবার পুনরায় ঘটান। ড্রাইভ চেইন স্ল্যাক ধ্রুবক বা স্থির থাকতে হবে। চেইনটি যদি কিছু নির্দিষ্ট সেকশনে স্ল্যাক বা ঢিলা থাকে সেক্ষেত্রে কিছু সংযোগে গিঁট লেগে বা আটকে গেছে। লুব্রিকেশন বা পিচ্ছিল করার মাধ্যমে আটকে যাওয়া বা গিঁট লাগা দূর করা যায়।

৪. বোল্টসমূহ (৩) খুলে ফেলুন।

৫. লাগস (৪) চাপুন।

৬. উভয় চেইন কেস কভার থেকে সকল ক্লস (নখ) মুক্ত করুন এবং ড্রাইভ চেইন উন্মোচনের জন্য সুইং আর্ম অ্যাসেম্বলি থেকে সাবধানে তাদের খুলে ফেলুন।



(৩) বোল্ট
(৪) লাগস
(৫) উপরের চেইন কেস
(৬) নিচের চেইন কেস
(৭) হুক

৭. স্প্রোকেট টিথ বা দাঁতের সম্ভাব্য ক্ষয় বা ক্ষতি পরীক্ষা করুন। প্রয়োজন হলে পরিবর্তন করুন।



স্বাভাবিক স্প্রোকেট টিথ

যদি ড্রাইভ চেইন অথবা স্প্রোকেটসমূহ অত্যাধিক ক্ষতিগ্রস্থ হয় সেক্ষেত্রে সেগুলো পরিবর্তন করতে হবে। ক্ষয়প্রাপ্ত স্প্রোকেটের সাথে কখনো নতুন চেইন ব্যবহার করবেন না অন্যথায় চেইন দ্রুত ক্ষয়ে যাবে।

৮. চেইন কেস ও ইন্সপেকশন ক্যাপ স্থাপন করুন।

নিচের কেস

৯. সুইং আর্ম ক্রস প্লেটের স্টে-র মধ্যে হাত দিয়ে নিচের কেসের সামনের পাশ প্রশস্থ করে সুইং আর্মে স্থাপন করুন।

১০. দুটি বোল্টের সাহায্যে নিচের কেস দৃঢ় করুন।

উপরের কেস

১১. উপরের কেসের সকল ক্লু বা দাঁতসমূহ নিচের কেসের গুলোর সাথে মিলিয়ে সুইং আর্মে উপরের কেস স্থাপন করুন।

১২. কেসের ডান পাশে- মোট ৫ পাটি ক্লু বা দাঁত রয়েছে (সামনে-১, মাঝে- ৩, পেছনে-১)।

১৩. কেসের বাম পাশে- মোট ১ পাটি ক্লু/দাঁত রয়েছে (সামনে-১)।

১৪. সবগুলো ক্লু/দাঁত সঠিকভাবে বসেছে কিনা দেখুন।

১৫. সবগুলো (৪ টি) বোল্ট দৃঢ় করুন।

অ্যাডজাস্টমেন্ট

প্রতি হাজার কিলোমিটার (৬০০ মাইল) চালানোর পর, যদি প্রয়োজন হয় ড্রাইভ চেইন স্ল্যাক পরীক্ষা এবং অ্যাডজাস্ট করতে হবে। সঞ্চিত উচ্চ গতিতে চালানো হলে অথবা ঘনঘন দ্রুত গতিবৃদ্ধি করা হলে অধিক ঘনঘন অ্যাডজাস্টমেন্ট প্রয়োজন হতে পারে।

যদি ড্রাইভ চেইনের অ্যাডজাস্টমেন্ট দরকার হয়, প্রক্রিয়াটি নিম্নে উল্লেখিত:


১. বাহনটি সেন্টার স্ট্যান্ডের উপর ভর করে রেখে ট্রান্সমিশন নিউট্রাল করুন এবং ইগনিশন সুইচ বন্ধ করুন।

২. পেছনের এক্সেল নাট (১) এবং স্লিভ নাট (২) ঢিলা করুন।

৩. ড্রাইভ চেইন লক নাট (৬) ঢিলা করুন।

৪. সঠিক ড্রাইভ চেইন স্ল্যাক না পাওয়া পর্যন্ত উভয় ড্রাইভ চেইন অ্যাডজাস্টিং নাট (৩) সমান পরিমাণ ঘুরান। চেইন টাইট করতে অ্যাডজাস্টিং নাটটি ঘড়ির কাটার দিকে ঘুরান অথবা অধিক স্ল্যাক বা ঢিলা করবার জন্য ঘড়ির কাঁটার উল্টো দিকে ঘুরান।

সুইং আর্মের উভয় পাশে অ্যাডজাস্টিং স্লটের পেছনের প্রান্ত চেইন অ্যাডজাস্টার ইনডেক্স চিহ্নের (৪) সাথে মিলিয়ে সাজান।



(১) পেছনের এক্সেল নাট

(২) স্লিভ নাট

(৩) ড্রাইভ চেইন অ্যাডজাস্টিং নাট

(৪) ইনডেক্স চিহ্ন

(৫) অ্যাডজাস্টিং স্লটের পেছনের প্রান্ত

(৬) ড্রাইভ চেইন লক নাট

পেছনের এক্সেল সরিয়ে অ্যাডজাস্টমেন্টের সর্বাধিক সীমায় রাখলে যদি ড্রাইভ চেইন স্ল্যাক অতিরিক্ত হয় সেক্ষেত্রে ড্রাইভ চেইনটি ক্ষয়প্রাপ্ত এবং অবশ্যই বদলাতে হবে।

৫. নিম্নরূপে স্লিভ নাট টাইট করুন :

৪৪ N.m (৪.৫ kgf.m, ৩২ lbf.ft)

পেছনের এক্সেল নাট টাইট করুন:

৫৪ N.m (৫.৫ kgf.m, ৪০ lbf.ft)

স্থাপনের সময় যদি টর্ক রেঞ্চ ব্যবহার না করা হয় সেক্ষেত্রে যতদ্রুত সম্ভব যথাযথ এসেম্বলি যাচাইয়ের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে দেখা করুন।

৬. হালকা ভাবে অ্যাডজাস্টিং নাট টাইট করুন, তারপর একটি স্প্যানার দিয়ে অ্যাডজাস্টিং নাটটি ধরে রেখে লক নাটগুলো টাইট করুন।

৭. ড্রাইভ চেইন স্ল্যাক পুনঃপরীক্ষা করুন।

৮. এডজাস্ট ড্রাইভ চেইন স্লাকে পিছনের চাকা পুনরায় স্থাপন করলে পিছনের ব্রেক প্যাডেল ফ্রি প্লে প্রভাবিত হতে পারে। পিছনের ব্রেক প্যাডেল ফ্রি প্লে পরীক্ষা করুন এবং প্রয়োজন অনুসারে সমন্বয় করুন। (পৃষ্ঠা-১৮)

পরিষ্করন এবং লুব্রিকেশনঃ

এই মোটরসাইকেলটি সীল ধরনের চেইন দ্বারা সজ্জিত অতঃপর এর পরিষ্করন এবং লুব্রিকেশন করার সময় সঠিক যত্ন নেওয়া প্রয়োজন।

যখন ড্রাইভ চেইন ময়লা হয়ে যাবে, লুব্রিকেশন করার পূর্বে এটিকে পরিষ্কার করা উচিৎ

১. ইঞ্জিন বন্ধ করে, ড্রাইভ চেইন কেস সমূহ (পৃষ্টা ৫২) অপসারন করুন।

২. ড্রাইভ চেইন পরিষ্কারের জন্য হোন্ডা অনুমোদিত চেইন পরিষ্কারক ব্যবহার করুন।

⚠ সতর্কতা

স্টীম পরিষ্কারক, উচ্চ চাপের পরিস্কারক, তারের ব্রাশ, পরিবর্তনশীল দ্রাবক যেমন গ্যাসোলিন পেট্রোল), বেঞ্জিন এবং ঘর্ষণকরাক পরিষ্কারক বা চেইন পরিষ্কারক যা ড্রাইভ চেইন পরিষ্কার করার জন্য সীল চেইনের (ও-রিং) জন্য নকশা করা হয়নি তা ব্যবহার করবেন না।

৩. ড্রাইভ চেইন (পৃষ্টা ৫৩) এবং পিছনের ব্রেক পেডেল প্লে (পৃষ্টা ১৮) সমন্বয় করুন।


৪. ড্রাইভ চেইন কেস সমূহ স্থাপন করুন (পৃষ্টা ৫২)

প্রতি ১,০০০ কিমি (৬০০ মাইল) ভ্রমনের পর যদি চেইন শুকনো হয়ে যায় তবে লুব্রিকেন্ট দিন।

ড্রাইভ চেইনে নিচের যেকোন পদ্ধতি অনুসরন করে লুব্রিকেন্ট দিনঃ

- এসএই (SAE) ৮০ বা ৯০ গিয়ার অয়েল।
- হোন্ডা ড্রাইভ চেইন রক্ষণাবেক্ষন স্প্রে সুপারিশ করে।

প্রতিটি চেইন সংযোজক জয়েন্ট পরিপূর্ণ করুন যাতে সংযোজকের প্লেট, পিন, বুসিং এবং রোলারে লুব্রিকেন্ট প্রবেশ করতে পারে।



নোটিশ

চেইনের ত্রুটিপূর্ণ ব্যবস্থাপনা স্প্রোকেট এবং চেইন ড্রাইভে অকালে ক্ষত সৃষ্টি করতে পারে।

ড্রাইভ চেইন ক্ষয়

"ড্রাইভ চেইন ক্ষত নির্ণয়ক লেবেল" (১) পরীক্ষা করুন যা বাম সুইংগ্রামের সাথে যুক্ত।


যদি "ডাইভ চেইন সমন্বয়ের" (৩) "ইন্ডেক্স মার্কসমূহ" (২) নির্ণয়ক লেবেলের "রেড জোন" (৪) এ আসে, ড্রাইভ চেইন পরিবর্তন করে নতুন একটি স্থাপন করুন।

ড্রাইভ চেইন অবশ্যই নতুন স্প্রোকেট সেটের সাথে পরিবর্তন করতে হবে।

DID420ADV-118LE or LGB R4200R-118LE or TIDC420XR-118LE

নোটিশ

চেইন প্রতিস্থপনের জন্য আপনার নিকটস্থ হোন্ড ডিলারের নিকট সরণাপন্ন হোন।



(১) ড্রাইভ চেইন ক্ষত নির্ণয়ক লেবেল
(২) ইন্ডেক্স মার্কসমূহ
(৩) ডাইভ চেইন সমন্বয়ের
(৪) রেড জোন

সামনের এবং পেছনের সাসপেনশন

পরীক্ষা

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

১. সামনের ব্রেক তালাবদ্ধ করে এবং ফর্ক উপরে নিচে সবল ভাবে পাম্পিং করে সামনের ফর্ক এসেম্বলি পরীক্ষা করুন। সাসপেনশনের কাজ মসৃণ হতে হবে এবং কোন অয়েল লিকেজ বা ছিদ্র থাকা যাবে না।

২. বাহনটি সেন্টার স্ট্যান্ডের উপর ভর করে রেখে পেছনের চাকার পাশের বিপরীতে শক্তকরে ঠেলে দিয়ে সুইং আর্ম বিয়ারিং পরীক্ষা করতে হবে। ফ্রি প্লে ক্ষয়প্রাপ্ত বিয়ারিংগুলোর ইঙ্গিত দেয়।


৩. সাবধানে সামনের এবং পেছনের সব সাসপেনশন ফাস্টেনার শক্ত আছে কিনা দেখতে পরীক্ষা করুন।

সাইড স্ট্যান্ড

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

সাইড স্ট্যান্ড এসেম্বলির স্বাধীন নড়াচড়া, লস অব টেনশন এবং ক্ষয়ক্ষতি হয়েছে কিনা জানতে সাইড স্ট্যান্ড স্প্রিং (১) পরীক্ষা করুন।

যদি সাইড স্ট্যান্ড চিঁ-চিঁ শব্দ করে বা অনমনীয় থাকে সেক্ষেত্রে পিভট এলাকা পরিষ্কার করুন এবং ইঞ্জিন অয়েল দ্বারা পিভট বোল্ট পিচ্ছিল করুন।



(১) সাইড স্ট্যান্ড স্প্রিং

চাকা খোলা

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।


সামনের চাকা খোলা (ডিস্কের জন্য)

১. বাহনটি সেন্টার স্ট্যান্ডের উপর ভর করে রাখুন।

২. ইঞ্জিনের নিচে একটি সাপোর্ট ব্লক ব্যবহার করে সামনের চাকা মাটি থেকে উপরে তুলুন।

৩. সামনের এক্সেল নাট (১) খুলুন।

৪. সামনের এক্সেল শ্যাফট (২) এবং চাকা খুলুন।




(১) সামনের এক্সেল নাট

(২) সামনের এক্সেল শ্যাফট

বাহনে চাকা না থাকলে ব্রেক লিভার চাপবেন না। ব্রেক ফ্লুয়িডের পরবর্তীকালীন ক্ষতি সহ সিলিন্ডার থেকে ক্যালিপার পিস্টন বের হয়ে যাবে। এরকম হলে ব্রেক সিস্টেমের সার্ভিসিং প্রয়োজন হবে। সার্ভিসের জন্য আপনার হোন্ডা ডিলারের কাছে যান।

ইনস্টলেশন নোট:

- ফর্ক লেগ/পা দুটির মধ্যে চাকা বসান এবং ডান দিক থেকে ডান ফর্ক লেগ এবং হুইল হাবের মধ্যে দিয়ে সামনের এক্সেল প্রবেশ করান।
- ফর্ক লেগের লাগ স্পীডোমিটার গিয়ার বক্সের লাগ (৫) স্পর্শ করে কিনা নিশ্চিত হোন।



(৩) লগ

- নির্ধারিতে টর্কে ফ্রন্ট (সামনের) এক্সেল নাট টাইট করুন।

ফ্রন্ট এক্সেল নাট টর্ক:

৫৪ N·m (৫.৫ kgf·m , ৪০ lbf·ft)

- চাকা স্থাপনের পর কয়েকবার ব্রেক প্রয়োগ করুন এবং পরীক্ষা করে দেখুন চাকা মুক্তভাবে ঘুরে কিনা। পরীক্ষা করে দেখুন ব্রেক করলে চাকা সামনে এগিয়ে যায় কিনা এবং চাকা মুক্তভাবে ঘুরে কিনা।

স্থাপনের সময় যদি টর্ক রেঞ্চ না ব্যবহার করা হয় সেক্ষেত্রে যতদ্রুত সম্ভব যথাযথ এসেম্বলি যাচাইয়ের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে দেখা করুন।

ত্রুটিপূর্ণ এসেম্বলি ব্রেকিং সক্ষমতার ক্ষতি করতে পারে।

সামনের চাকা খোলা (ড্রাম ব্রেকের জন্য)

১. বাহনটি সেন্টার স্ট্যান্ডের উপর ভর করে রাখুন।


২. ইঞ্জিনের নিচে একটি সাপোর্ট ব্লক ব্যবহার করে সামনের চাকা মাটি থেকে উপরে তুলুন।

৩. ট্যাব (২) ঠেলে দিয়ে স্পীডোমিটার ক্যাবল (১) খুলে ফেলুন।

৪. সামনের ব্রেক অ্যাডজাস্টিং নাট (৩) খুলুন এবং ব্রেক আর্ম (৫) থেকে সামনের ব্রেক ক্যাবল (৪) খুলে ফেলুন।

৫. সামনের এক্সেল নাট (৬) খুলে ফেলুন।


৬. সামনের এক্সেল শ্যাফট (৭) এবং চাকা খুলুন।



(১) ব্রেক অ্যাডজাস্টিং নাট
(২) সামনের ব্রেক ক্যাবল
(৩) ব্রেক আর্ম
(৪) সামনের এক্সেল নাট
(৫) সামনের এক্সেল শ্যাফট

ইনস্টলেশন নোট:

- ফর্ক লেগ/পা দুটির মধ্যে চাকা বসান এবং ডান দিক থেকে ডান ফর্ক লেগ এবং হুইল হাবের মধ্যে দিয়ে সামনের এক্সেল প্রবেশ করান।
- সামনের ফর্ক লেগের বাম পাশের ট্যাং (৮) ব্রেক প্যানেলের স্লটে (৯) অবস্থান করছে কিনা নিশ্চিত হোন।



(৮) ট্যাং
(৯) স্লট

- নির্ধারিতে টর্কে ফ্রন্ট এক্সেল নাট টাইট করুন।

ফ্রন্ট এক্সেল নাট টর্ক:

৫৪ N·m (৫.৫ kgf·m , ৪০ lbf·ft)

- ব্রেক অ্যাডজাস্ট করুন (পৃষ্ঠা ১৩-১৬)।
- চাকা স্থাপনের পর কয়েকবার ব্রেক প্রয়োগ করুন এবং পরীক্ষা করে দেখুন চাকা মুক্তভাবে ঘুরে কিনা। পরীক্ষা দেখুন ব্রেক করলে চাকা সামনে এগিয়ে যায় কিনা এবং চাকা মুক্তভাবে ঘুরে কিনা।

স্থাপনের সময় যদি টর্ক রেঞ্চ না ব্যবহার করা হয় সেক্ষেত্রে যত দ্রুত সম্ভব যথাযথ এসেম্বলি যাচাইয়ের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে দেখা করুন।

ত্রুটিপূর্ণ এসেম্বলি ব্রেকিং সক্ষমতার ক্ষতি করতে পারে।

পেছনের চাকা খোলা

১. বাহনটি সেন্টার স্ট্যান্ডের উপর ভর করে রাখুন।


২. ড্রাইভ চেইন কেসগুলো খুলুন (পৃষ্ঠা ৫২)।

৩. পেছনের ব্রেক অ্যাডজাস্টিং নাট (১) খুলুন। ব্রেক আর্ম (৩) থেকে ব্রেক রড (২) খুলুন।

৪. ব্রেক প্যানেল থেকে কটার পিন (৫), স্টপার আর্ম নাট (৬) ওয়াশার এবং রাবার গ্রমেট খুলে ফেলে ব্রেক প্যানেল থেকে ব্রেক স্টপার আর্ম (৪) সংযোগ বিচ্ছিন্ন করুন।

(৫) ড্রাইভ চেইন লক নাট (৭) এবং ড্রাইভ চেইন অ্যাডজাস্টিং নাট (৮) ঢিলা করুন।


(৬) পেছনের এক্সেল নাট (৯) খুলে ফেলুন।



(১) ব্রেক অ্যাডজাস্টিং নাট
(২) ব্রেক রড
(৩) ব্রেক আর্ম
(৪) ব্রেক স্টপার আর্ম
(৫) কটার পিন
(৬) স্টপার আর্ম নাট
(৭) ড্রাইভ চেইন লক নাট
(৮) ড্রাইভ চেইন অ্যাডজাস্টিং নাট
(৯) পেছনের এক্সেল নাট

(৭) পেছনের এক্সেল শ্যাফট (১০) খুলে ফেলুন, পেছনের চাকা ঠেলে সাইড কলার করুন।

(৮) সুইং আর্ম থেকে পেছনের চাকা খুলে ফেলুন।



(১০) পেছনের এক্সেল শ্যাফট

স্থাপনের টীকা:

- যে উপায়ে খুলেছেন তার বিপরীত প্রক্রিয়ায় স্থাপন করুন।
- নির্ধারিত টর্কে পেছনের এক্সেল নাট এবং ব্রেক স্টপার আর্ম নাট টাইট করুন।

পেছনের এক্সেল নাট টর্ক :
৫৪ N·m (৫.৫ kgf·m , ৪০ lbf·ft)

ব্রেক স্টপার আর্ম নাট টর্ক:
২২ N·m (২.২ kgf·m , ১৬ lbf·ft)

- ব্রেক (পৃষ্ঠা ১৫-১৬) এবং চেইন (পৃষ্ঠা ৫৪) অ্যাডজাস্ট করুন।

- চাকা স্থাপনের পর কয়েকবার ব্রেক প্রয়োগ করুন এবং পরীক্ষা করে দেখুন চাকা মুক্তভাবে ঘুরে কিনা। পুনরায় পরীক্ষা দেখুন ব্রেক করলে চাকা সামনে এগিয়ে যায় কিনা এবং চাকা মুক্তভাবে ঘুরে কিনা।

- সর্বদা নতুন কটার পিন দ্বারা ব্যবহৃত কটার পিনগুলো পরিবর্তন করুন।

স্থাপনের সময় যদি টর্ক রেঞ্চ না ব্যবহার করা হয় সেক্ষেত্রে যত দ্রুত সম্ভব যথাযথ এসেম্বলি যাচাইয়ের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে দেখা করুন। ত্রুটিপূর্ণ এসেম্বলি ব্রেকিং সক্ষমতার ক্ষতি করতে পারে।

ব্রেক প্যাড ক্ষয় (ডিস্কের জন্য)


৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

নির্দয় ব্যবহার, চালানোর ধরণ এবং সড়কের অবস্থার উপর ব্রেক প্যাডের ক্ষয় নির্ভর করে। (সাধারণত, আদ্র এবং নোংরা সড়কে ব্রেক প্যাড দ্রুত ক্ষয় হয়।)

প্রত্যেকবার নিয়মিত রক্ষণাবেক্ষণের সময় প্যাডসমূহ পরীক্ষা করুন (পৃষ্ঠা ৪০)।

প্রত্যেক প্যাডের ওয়্যার ইন্ডিকেটর গ্রুভসমূহ (১) পরীক্ষা করুন।

যদি কোন প্যাডের গ্রুভসমূহের নিচে ক্ষয়ে যায় সেক্ষেত্রে একটি সেট হিসেবে উভয়টি পরিবর্তন করুন। সার্ভিসের জন্য হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।



(১) ওয়্যার ইন্ডিকেটর গ্রুভসমূহ

ব্রেক স্যু ওয়্যার

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

(ড্রাম ব্রেকের জন্য)

ব্রেক ওয়্যার ইন্ডিকেটরসমূহের সাথে সামনের এবং পেছনের ব্রেক সজ্জিত রয়েছে।


(ডিস্ক ব্রেকের জন্য)

একটি ব্রেক ওয়্যার ইন্ডিকেটরের সাথে পেছনের ব্রেক সজ্জিত রয়েছে।


ব্রেক প্রয়োগ করা হলে ব্রেক আর্মের (২) সাথে সংযুক্ত একটি তীর (১) ব্রেক প্যানেলের একটি দ্রষ্টব্য চিহ্নের (৩) দিকে এগিয়ে যায়। সম্পূর্ণ ব্রেক প্রয়োগে যদি তীরটি দ্রষ্টব্য চিহ্নের সাথে মিলে যায় সেক্ষেত্রে ব্রেক স্যুজ অবশ্যই বদলাতে হবে।

সার্ভিসের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে দেখা করুন।

(সামনের ব্রেক) ড্রাম ব্রেকের জন্য



(পেছনের ব্রেক)



(১) তীর চিহ্ন
(২) ব্রেক আর্ম
(৩) ইনডেক্স মার্কসমূহ
(৪) ব্রেক প্যানেল

ব্যাটারি

৩৯ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

ব্যাটারির ইলেকট্রোলাইট লেভেল পরীক্ষা করা বা ডিস্টিলেট পানি যোগ করার প্রয়োজন নেই কেননা ব্যাটারি রক্ষণাবেক্ষণ মুক্ত (সীল করা) ধরণের। যদি আপনার ব্যাটারি দুর্বল মনে হয় এবং/অথবা ইলেকট্রোলাইট লিকিং এর জন্য সহজে চালু না হওয়া সহ অন্যান্য ইলেকট্রিক সমস্যা দেখা দেয় সেক্ষেত্রে আপনার হোন্ডা ডিলার অথবা ব্যাটারি প্রস্তুতকারকের সাথে যোগাযোগ করুন।

নোটিশ

আপনার ব্যাটারি রক্ষণাবেক্ষণ-মুক্ত ধরণের এবং ক্যাপ স্ট্র্যাপটি খুলে ফেললে এর স্থায়ী ক্ষতি হবে।



ব্যাটারির গায়ে এই চিহ্ন দিয়ে বোঝানো হয় যে এই পণ্যটিকে গৃহস্থালিয় আবর্জনা হিসেবে ব্যবহার করা যাবে না।

নোটিশ

ব্যাটারি সীসা ধারণ করে যেটি বিপদজনক উপাদান এবং যদি ত্রুটিপূর্ণভাবে বিন্যস্ত হলে সেটি পরিবেশ এবং মানবদেহের জন্য ক্ষতিকর।

ব্যবহৃত রক্ষণাবেক্ষণ-মুক্ত ব্যাটারি সর্বদা হোন্ডা ডিলারের নিকট ফিরিয়ে দিন।

⚠ সতর্কতা

স্বাভাবিক পরিচালনার সময় ব্যাটারি বিস্ফোরক হাইড্রোজেন গ্যাস নির্গমন করে। একটি স্পার্ক বা শিখাটি আপনার মৃত্যু ঘটাতে বা গুরুতরভাবে আঘাত করার মত যথেষ্ট শক্তি নিয়ে বিস্ফোরিত হতে পারে।


সুরক্ষামূলক পোশাক এবং সুরক্ষামূলক মুখ ঢাল পরিধান বা একটি দক্ষ মেকানিক দ্বারা ব্যাটারি রক্ষণাবেক্ষণ করুন।

ব্যাটারি শিশুদের থেকে দূরে রাখুন।

অপসারনঃ

১. নিশ্চিত হোন যে ইগনিশন সুঁইচ বন্ধ আছে।
২. বাম সাইডের কভার অপসারন করুন (পৃষ্ঠা ৩১)।
৩. "বোল্ট" (১) অপসারন করুন এবং "ব্যাটারি হোল্ডার" (২) খুলুন।
৪. ব্যাটারি হতে "নেগেটিভ (-) টার্মিনাল লীড" (৩) বিচ্ছিন্ন করুন।
৫. "পজেটিভ (+) টার্মিনাল লীড" (৪) বিচ্ছিন্ন করুন।

৬. ব্যাটারি বক্স হতে "ব্যাটারি" খুলে ফেলুন (৫)।



(১) বোল্ট
(২) ব্যাটারি হোল্ডার
(৩) নেগেটিভ (-) টার্মিনাল লীড
(৪) পজেটিভ (+) টার্মিনাল লীড
(৫) ব্যাটারি

ইনস্টলেশন

১. যে উপায়ে খুলেছেন তার বিপরীত উপায়ে স্থাপন করুন। প্রথমে পজিটিভ (+) টার্মিনাল সংযোগ নিশ্চিত করুন তারপর নেগেটিভ (-) টার্মিনাল।

২. সকল বোল্টসমূহ এবং অন্যান্য ফাস্টেনারসমূহ পরীক্ষা করে দেখুন নিরাপদ আছে কিনা।

৩. সংযোগ দেয়ার পর উভয় টার্মিনালে পেট্রোলিয়াম জেলি প্রয়োগ করুন।

ফিউজ পরিবর্তন


৩৯ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

যখন বারবার ফিউজ ব্যর্থ হয় তখন সেটি শর্ট সার্কিট অথবা বৈদ্যুতিক ব্যবস্থার ওভারলোডের ইঙ্গিত দেয়। আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

নোটিশ

নির্ধারিত রেটিং এর চেয়ে আলাদা কোন ফিউজ ব্যবহার করবেন না। এটি বৈদ্যুতিক ব্যবস্থার গুরুতর ক্ষতি করতে পারে বা আগুন ধরে যেতে পারে যা বাতি এবয় ইঞ্জিন পাওয়ারের মারাত্মক ক্ষতি করবে।

শর্ট সার্কিট দুর্ঘটনা এড়াতে পরীক্ষা অথবা ফিউজ পরিবর্তনের আগে ইগনিশন সুইচ বন্ধ করুন।



ফিউজ হোল্ডার :

১. ফিউজ হোল্ডার (প্রধান এবং সাব ফিউজ) ব্যাটারির কাছে অবস্থিত।


নির্ধারিত ফিউজ হচ্ছে:

প্রধান ফিউজ	**১৫A**
সাব ফিউজ	**১০A**

(২) ডান পাশের কভার খুলুন (পৃষ্ঠা ২৮)।

(৩) ব্যবহৃত পুরানো ফিউজ খুলে ফেলে নতুন একটি ফিউজ স্থাপন করুন। আলাদা ফিউজ (২), ফিউজ হোল্ডারের (১) সাথে সংযুক্ত।

৪. ফিউজ বক্স কভার বন্ধ করুন এবং ডান পাশের কভার স্থাপন করুন।





(১) ফিউজ বাক্স

(২) আলাদা ফিউজ

খোলা

টানুন





ইনস্টলেশন

ঠেলুন

(৩) ফিউজ

(৪) ক্লিপস

ফিউজের বাইরে বেরিয়ে আসা ঠেকিয়ে রাখা ক্লিপস খোলার চেষ্টা করবেন না; আপনি হয়তো সেগুলো বাঁকিয়ে ফেলবেন যা নতুন ফিউজের সংযোগ দুর্বল করে দেয়। একটি ঢিলা ফিউজ বৈদ্যুতিক ব্যবস্থার ক্ষতি করতে পারে এবং আগুন ধরে যেতে পারে।

যদি আপনার কাছে সার্কিটের জন্য যথাযথ মান সম্পন্ন পরিবর্তনের ফিউজ না থাকে সেক্ষেত্রে কম মানের একটি স্থাপন করুন।

নোটিশ

উচ্চমান সম্পন্ন ফিউজ দ্বারা ফিউজ পরিবর্তন করা বৈদ্যুতিক ব্যবস্থার ক্ষতির সুযোগ দারুণভাবে বৃদ্ধি করে।


যদি একই মানের পরিবর্তনকারী ফিউজ অল্প সময়ের মধ্যে পুড়ে যায় সেক্ষেত্রে হয়তো আপনার বাহনের বৈদ্যুতিক ব্যবস্থায় মারাত্মক ত্রুটি রয়েছে। সার্কিটের পুড়ে যাওয়া ফিউজ ফেলে দিন এবং বাহনটি আপনার হোন্ডা ডিলারের মাধ্যমে পরীক্ষা করুন।

স্টপলাইট সুইচ অ্যাডজাস্টমেন্ট

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

ইঞ্জিনের পেছনে ডান পাশের স্টপ লাইট সুইচের (১) কার্যকারিতা সময় মাফিক পরীক্ষা করুন।

অ্যাডজাস্টিং নাট (২) ঘুরিয়ে অ্যাডজাস্টমেন্ট শেষ করতে হবে। যদি সুইচটি অতিরিক্ত দেরি করে কাজ করে সেক্ষেত্রে নাটটি (A) এর দিকে ঘুরান এবং অতি দ্রুত কাজ করলে (B) এর দিকে ঘুরান।



(১) স্টপ লাইট সুইচ
(২) অ্যাডজাস্টিং নাট

বাল্ব পরিবর্তন

৩৭ নম্বর পৃষ্ঠায় নিরাপত্তা সতর্কতা দেখুন।

লাইট চালু থাকলে লাইট বাল্ব খুব গরম হয়ে যায় এবং বন্ধ করবার পরও কিছুক্ষণ গরম থাকে। সার্ভিসিং এর আগে এটি ঠান্ডা হয়েছে কিনা নিশ্চিত হয়ে নিন।

হেডলাইটের বাল্বের উপর আঙ্গুলের ছাপ লাগাবেন না কেননা এটি বাল্বের উপর গরম ছাপ সৃষ্টি করতে পারে বা ভেঙ্গে যেতে পারে।


বাল্ব পরিবর্তনের সময় পরিষ্কার হাতমোজা পরিধান করুন।

যদি আপনি খালি হাতে বাল্ব স্পর্শ করেন সেক্ষেত্রে দ্রুত অকার্যকর হয়ে যাওয়া এড়াতে বাল্বটি অ্যালকোহল মিশিয়ে ভেজা কাপড় দিয়ে পরিষ্কার করে নিন।

- বাল্ব পরিবর্তনের সময় ইগনিশন সুইচ বন্ধ করা হয়েছে কিনা নিশ্চিত হয়ে নিন।
- নির্ধারিত বাল্বের চেয়ে আলাদা বাল্ব ব্যবহার করবেন না।
- নতুন বাল্ব স্থাপনের পর লাইটের কার্যকারিতা পরীক্ষা করুন।

পজিশন লাইট বাল্ব


১. স্ক্রু সমূহ (১) খুলুন এবং গ্রোমেট (৩) থেকে সাবধানে সামনের কাউল (২) খুলে ফেলুন।
২. হেড লাইট সংযোগকারীর (৪) সংযোগ বিচ্ছিন্ন করুন।
৩. হেড লাইট ইউনিট থেকে পজিশন লাইট বাল্ব হোল্ডার (৫) টেনে বের করুন এবং এর বাল্বটি খুলে ফেলুন।
৪. যে উপায়ে খুলেছেন তার বিপরীত উপায়ে নতুন একটি বাল্ব স্থাপন করুন।



(১) স্ক্রু
(২) সামনের কাউল
(৩) গ্রোমেট্স
(৪) হেড লাইট সংযোগকারী
(৫) পজিশন লাইট বাল্ব হোল্ডার

হেড লাইট বাল্ব


১. সামনের কাউল খুলুন (পৃষ্ঠা ৬৯)।
২. হেড লাইট সংযোগকারী বিচ্ছিন্ন করুন।
৩. ডাস্ট কভার খুলে ফেলুন (১)।
৪. পিন (৩) চেপে হেডলাইট বাল্ব (২) খুলে ফেলুন।
৫. যে উপায়ে খুলেছেন তার বিপরীত উপায়ে একটি নতুন বাল্ব স্থাপন করুন।
   - "তীর" চিহ্ন উপর মুখী করে সিট রাবার স্থাপন করুন।



(১) ডাস্ট কভার
(২) হেড লাইট বাল্ব
(৩) পিন
(৪) "তীর" চিহ্ন

স্টপ/টেইল লাইট বাল্ব

১. স্ক্রু সমূহ (১) খুলে ফেলুন।
২. টেইল লাইট লেন্স (২) খুলুন।
৩. বাল্বটি (৩) আলতো করে চাপুন এবং ঘড়ির কাটার বিপরীত দিকে ঘুরান।
৪. খোলার বিপরীত উপায়ে একটি নতুন বাল্ব স্থাপন করুন।




(১) স্ক্রু
(২) টেইল লাইট লেন্স
(৩) বাল্ব

সামনের/পেছনের টার্ণ সিগন্যাল বাল্ব

১. স্ক্রু (২) ঘুরিয়ে টার্ণ সিগন্যাল লেন্স (১) খুলে ফেলুন।

২. বাল্বটি আলতো করে চাপুন এবং ঘড়ির কাটার বিপরীত দিকে ঘুরে খুলে ফেলুন।

৩. খোলার বিপরীত উপায়ে একটি নতুন বাল্ব স্থাপন করুন।



(১) টার্ণ সিগন্যাল লেন্স
(২) স্ক্রু
(৩) বাল্ব

পরিষ্কার করা

আপনার বাহনের উপরিভাগের সমাপনী কর্মের সুরক্ষার জন্য নিয়মিত পরিষ্কার করুন এবং কোন ক্ষয়ক্ষতি অথবা ব্রেক ফ্লুইড লিকেজ রয়েছে কিনা পরীক্ষা করুন।

বাহনের জন্য অথবা অটোমোবাইল পৃষ্ঠদেশে ব্যবহারের জন্য নকশাকৃত নয় এমন পরিষ্কারক পণ্য পরিহার করুন।

এগুলোতে রুক্ষ ডিটারজেন্ট অথবা রাসায়নিক দ্রবণ থাকতে পারে যা আপনার বাহনের ধাতু, রঙ এবং প্লাস্টিকের ক্ষতি সাধন করতে পারে।

সাম্প্রতিক পরিচালনার পরও যদি আপনার বাহন গরম থাকে সেক্ষেত্রে ইঞ্জিন এবং এগজস্ট ব্যবস্থাকে ঠান্ডা হতে সময় দিন।

আমরা আপনাকে উচ্চ চাপের জলীয় স্প্রে (কয়েন পরিচালিত কার বা গাড়ি ধোয়ার জাতীয়) ব্যবহার না করার পরামর্শ দিচ্ছি।

নোটিশ

উচ্চ চাপের জল (অথবা বায়ু) বাহনের সুনির্দিষ্ট যন্ত্রাংশের ক্ষতি সাধন করতে পারে।

বাহন ধোয়া

১. আলগা ময়লা পরিষ্কার করতে ঠান্ডা পানি দিয়ে বাহনটি আলতো ভাবে ধুয়ে নিন।

২. পানির সাথে একটি স্পঞ্জ অথবা নরম কাপড় দিয়ে বাহনটি পরিষ্কার করুন।

মাফলার আউটলেট এবং বৈদ্যুতিক যন্ত্রাংশে পানি ব্যবহার করবেন না।

৩. হালকা পরিষ্কারক দ্রবণ এবং পানিতে একটি কাপড় অথবা স্পঞ্জ ভিজিয়ে প্লাস্টিকের অংশগুলো পরিষ্কার করুন। ময়লা এলাকাগুলো কচলে এবং বারবার পরিষ্কার পানি ঢেলে পরিষ্কার করুন।

ব্রেক ফ্লুয়িড এবং রাসায়নিক দ্রবণ বাহন থেকে দূরে রাখার ব্যাপারে যত্নবান থাকুন।

এগুলো বাহনের প্লাস্টিক এবং রঙ করা পৃষ্ঠদেশের ক্ষতি করতে পারে।

বাহনটি ধোয়ার পরে হেডলাইট লেন্সের ভিতর মেঘ বা জলীয় বাষ্প জমতে পারে। হেডলাইট লেন্সের ভিতর আদ্রতা ঘনীভূত হলে হেডলাইট হাই বীম অবস্থায় জ্বালালে সেটি ধীরে ধীরে দূর হয়ে যায়। ইঞ্জিন চালিয়ে হেডলাইট জ্বালিয়ে রাখুন।

৪. পরিষ্কার করার পর যথেষ্ট পরিমাণ পানি দিয়ে বাহনটি আলতো করে ধুয়ে ফেলুন। রয়ে যাওয়া শক্তিশালী পরিষ্কারক দ্রব্য সঙ্কর ধাতুতে গড়া যন্ত্রাংশে মরিচা ধরাতে পারে।

৫. বাহনটি শুকান, ইঞ্জিন চালু করুন এবং কয়েক মিনিট চলতে দিন।

৬. বাহন চালাবার আগে ব্রেকসমূহ পরীক্ষা করুন। স্বাভাবিক ব্রেকিং পারফরমেন্স পেতে কয়েকবার ব্রেক প্রয়োগ করতে হতে পারে।

৭. বাহন ধোয়ার পর শুকিয়ে সাথে সাথেই ড্রাইভ চেইন লুব্রিকেট বা পিচ্ছিল করুন।

বাহন ধোয়ার পর তাৎক্ষনিকভাবে ব্রেকিং দক্ষতা অস্থায়ীভাবে কমে যেতে পারে।

দুর্ঘটনা এড়াতে দীর্ঘতম স্টপিং ডিসট্যান্স বা দূরত্ব পূর্বজ্ঞান করুন।

ফিনিশিং টাচ

বাহন ধোবার পর কাজ সমাপনীর জন্য একটি বাণিজ্যিকভাবে-সুলভ স্প্রে পরিস্কারক/পলিশ অথবা মান সম্মত তরল অথবা পেস্ট ওয়াক্স (মোমতূল্য পদার্থ) বিবেচনা করুন। শুধুমাত্র সুনির্দিষ্টভাবে বাহন বা অটোমোবাইলসমূহের জন্য বানানো নন-এব্রেসিভ (ঘষে তুলে ফেলা যায় না এমন) পলিশ বা ওয়াক্স ব্যবহার করুন। কন্টেইনারে লিখিত নির্দেশনা অনুযায়ী পলিশ বা ওয়াক্স ব্যবহার করুন।

যদি আপনার বাহনের পৃষ্ঠদেশে আঁচড় লাগে বা চিড়ে যায় সেক্ষেত্রে আপনার হোন্ডা ডিলারের কাছে আপনার বাহনের মানানসই টাচ-আপ রঙ রয়েছে। বাহনের কালার কোড (পৃষ্ঠা ৪২) দেখে আগেই নিশ্চিত হয়ে টাচ-আপ রঙ কিনুন।

সড়কের লবণ অপসারণ করা

সড়ক পৃষ্ঠে লবণ জমে যাওয়া নিবারণকারী ওষুধ যা শীতের সময় সড়কে স্প্রে করা হয় এবং সমুদ্রের পানি যার কারণে মরিচার সৃষ্টি হয়।

এমন এলাকায় চালানোর পর বাহনের উল্লেখিত রূপে ধুয়ে ফেলুন।

১. ঠান্ডা পানি ব্যবহার করে বাহনটি ধুয়ে নিন (পৃষ্ঠা ৭১)।

গরম পানি ব্যবহার করবেন না। কেননা এটি লবণের ক্ষতিকর প্রভাবকে তীব্র করে।

২. বাহনটি এবং ওয়াক্স দ্বারা সুরক্ষিত ধাতুনির্মিত পৃষ্ঠদেশ শুকাতে দিন।

স্টোরেজ গাইড

বর্ধিত স্টোরেজ বা সংরক্ষণের সময়ে যেমন শীতকালীন ঋতুতে বাহন অব্যবহৃত থাকা অবস্থায় যেন ব্রেকের কার্যকারিতা হ্রাস না পায় সেজন্য আপনাকে কিছু প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

এক্ষেত্রে সংরক্ষণে রাখবার আগেই দরকারি সব মেরামতি কাজ সম্পন্ন করতে হবে; অন্যথায় সংরক্ষণ থেকে বের করার সময় আপনি হয়তো মেরামত করতে ভুলে যাবেন।

স্টোরেজ বা সংরক্ষণ

১. ইঞ্জিন অয়েল পরিবর্তন করুন।

২. একটি বাণিজ্যিক সাইফেন (তরল পদার্থ নির্গমনের বক্র-নল বিশেষ) অথবা সমমানের কোনটি ব্যবহার করে ফুয়েল ট্যাংক খালি করে অনুমোদিত পেট্রোল কন্টেইনারে রাখুন। ট্যাংকের ভিতরে একটি মরিচা-প্রতিরোধী অয়েল এরোসল দিয়ে স্প্রে করুন।

ট্যাংকের ফুয়েল ক্যাপ পুনঃস্থাপন করুন।

যদি এক মাসের বেশি সময় ধরে সংরক্ষণাগারে থাকে সেক্ষেত্রে সংরক্ষণের পর বাহনটির যথাযথ কার্যসম্পাদন নিশ্চিত করতে কার্বুরেটর ড্রেইনিং বা নিষ্কাশন খুবই গুরুত্বপূর্ণ।

⚠ সাবধানতা

পেট্রোল একটি উচ্চ দাহ্য এবং বিস্ফোরক। পেট্রোল নিয়ে কাজ করার সময় আপনি পুড়ে যেতে পারেন অথবা মারাত্মকভাবে আহত হবেন।

- ইঞ্জিন বন্ধ করুন এবং তাপ, স্ফুলিঙ্গ এবং শিখাসমূহ দূর হতে দিন।
- পুনরায় ফুয়েল ভরার কাজ শুধুমাত্র বাইরে করবেন।
- ঝরে পড়া অয়েল সাথে সাথেই মুছে ফেলুন।

৩. সিলিন্ডারের ভিতর মরিচা ধরা রোধ করতে নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করুন:

- স্পার্ক প্লাগ থেকে স্পার্ক প্লাগ ক্যাপ খুলে ফেলুন। একটি ফিতা অথবা রশি ব্যবহার করে ক্যাপটি সুবিধাজনক কোন প্লাস্টিক বডির অংশের সাথে সংযুক্ত করুন যেন এটি স্পার্ক প্লাগ থেকে দূরে অবস্থান করে।

  ইঞ্জিন থেকে স্পার্ক প্লাগ খুলে নিন এবং একটি নিরাপদ জায়গায় রাখুন। স্পার্ক প্লাগের সাথে স্পার্ক প্লাগ ক্যাপ যুক্ত

- সিলিন্ডারের ভিতর এক টেবিল চামচ (১৫-২০ সেমি) পরিষ্কার ইঞ্জিন অয়েল প্রবেশ করান এবং একট টুকরো কাপড় দিয়ে স্পার্ক প্লাগ হোল বা গর্তটি ঢেকে রাখুন।
- তেল ছড়িয়ে পড়ার জন্য কয়েকবার ইঞ্জিন ক্র্যাংক করুন।
- স্পার্ক প্লাগ এবং স্পার্ক প্লাগ ক্যাপ পুনঃস্থাপন করুন।

৪. ব্যাটারি খুলে ফেলুন। জমে যাওয়া এবং সরাসরি সূর্যের আলো প্রতিরোধ করে এমন কোন জায়গায় জমা রাখুন।

৫. বাহনটি ধুয়ে শুকান। রঙ করা সকল পৃষ্ঠদেশে ওয়াক্স ব্যবহার করুন। মরিচা নিরোধী তেলের সাথে ক্রোম লেপন করুন।

৬. ড্রাইভ চেইন পিচ্ছিল করুন (পৃষ্ঠা ৫৫)।

৭. সুপারিশকৃত চাপ অনুযায়ী টায়ার স্ফীত করুন। উভয় টায়ার মাটির উপরে উঠিয়ে রাখতে বাহনটি একটা ব্লকের উপর রাখুন।

৮. বাহনটি ঢেকে রাখুন (প্লাস্টিক অথবা অন্যান্য লেপা উপাদান ব্যবহার করবেন না) এবং অনাদ্র ও সর্বনিম্ন প্রাত্যহিক তাপ পরিবর্তন সাপেক্ষে উষ্ণ নয় এমন একটি জায়গায় রাখুন। সরাসরি সূর্যের আলোতে বাহন স্টোর করবেন না।

স্টোরেজ থেকে অপসারণ

১. বাহনটি উন্মুক্ত করে পরিষ্কার করুন।

২. সংরক্ষণে রাখবার পর থেকে চার মাসের বেশি অতিক্রান্ত হলে ইঞ্জিন অয়েল পরিবর্তন করুন।

৩. ব্যাটারি ভোল্টেজ পরীক্ষা করুন এবং প্রয়োজন অনুযায়ী ব্যাটারি চার্জ করুন। ব্যাটারি স্থাপন করুন।

৪. ফুয়েল ট্যাংকে অতিরিক্ত মরিচা প্রতিরোধী অয়েল এরোসল রয়ে গেলে নিষ্কাশন করুন। ফুয়েল ট্যাংক নতুন পেট্রোল দ্বারা পূর্ণ করুন।

৫. চালানোর পূর্ব পরীক্ষণ সবগুলো সম্পাদন করুন (পৃষ্ঠা ২৯)।

যানবাহন মুক্ত নিরাপদ এলাকায় অল্প গতিতে চালিয়ে বাহনটি পরীক্ষা করুন।

স্পেসিফিকেশন

হোন্ডা'র নিজস্ব টেস্ট প্রণালী

সার্বিক দৈর্ঘ্য		২০২০ মিমি (৭৯.৫ ইঞ্চি)
সার্বিক প্রস্থ		৭৩৮ মিমি (২৯.১ ইঞ্চি)
সার্বিক উচ্চতা		১,০৯৯ মিমি (৪৩.৩ ইঞ্চি)
চাকার বেজ		১২৮৫ মিমি (৫০.৬ ইঞ্চি)

ওজন

শুকনা ওজন	ড্রাম	১০৩ কেজি (২২৭.১ পাউন্ড)
	ডিস্ক	১০৪ কেজি (২২৯.৩ পাউন্ড)

সক্ষমতা

ইঞ্জিন অয়েল	ড্রেইনিং এর পর	০.৯ লিটার (০.৯ ইউএস কিউটি, ০.৮ ইম্প কিউটি)
	ডিসএসেম্বলির পর	১.০ লিটার (১.১ ইউএস কিউটি, ০.৯ ইম্প কিউটি)
ফুয়েল ট্যাংক		৮.৫ লিটার (২.২৪ ইউএস গ্যাল., ১.৮৭ ইম্প গ্যাল.)
ফুয়েল ট্যাংক রিজার্ভ		১.৭ লিটার (০.৪৫ ইউএস গ্যাল., ০.৩৭ ইম্প গ্যাল.)
যাত্রী সক্ষমতা		চালক এবং যাত্রী
সর্বোচ্চ ওজন সক্ষমতা		১৭০ কেজি (৩৭৫ পাউন্ড)

ইঞ্জিন

বোর এবং স্ট্রোক	৫০.০০ x ৫৫.৬ মিমি (১.৯৭ x ২.১৯ ইঞ্চি)
কমপ্রেশন অনুপাত	৯.৯:১
ডিসপ্লেসমেন্ট বা উৎপাটন	১০৯.১৯ সেমি^{3} (৬.৬৬ কিউ ইঞ্চি)
স্পার্ক প্লাগ স্ট্যান্ডার্ড বা আদর্শ	CPR7EA-9 (NGK)
স্পার্ক প্লাগ গ্যাপ বা ফাঁক	০.৮-০.৯ মিমি (০.০৩-০.০৪ ইঞ্চি)
আইডল স্পীড	১,৪০০ ± ১০০ মিন$^{-1}$ (আরপিএম)
ভালভ ক্লিয়ারেন্স (ঠান্ডা)	ইনটেক ০.১০ মিমি (০.০০৪ ইঞ্চি) এগজস্ট ০.১৫ মিমি (০.০০৬ ইঞ্চি)

চেসিস এবং সাসপেনশন

কাস্টার		২৬°০০′
ট্রেইলের দৈর্ঘ্য		৯৩ মিমি (৩.৬৬ ইঞ্চি)
টায়ারের আকার, সামনে		৮০/১০০-১৮ M/C ৪৭P
টায়ারের আকার, পেছনে		৮০/১০০-১৮ M/C ৫৪P

পাওয়ার ট্রান্সমিশন

প্রাথমিক সংক্ষেপণ		৩.৭২২
গিয়ার অনুপাত,	১ম	৩.১৮১
	২য়	১.৭৬৪
	৩য়	১.১৯০
	৪র্থ	০.৯১৬
চূড়ান্ত সংক্ষেপণ		২.৯২৮

ইলেকট্রিক্যাল

ব্যাটারি	১২ ভোল্ট-৩Ah (M.F) ETZ4
জেনারেটর	০.১৪ কিলোওয়াট / ৫,০০০ min^{-1}(rpm)

লাইটসমূহ

হেড লাইট	১২ ভোল্ট-৩৫/৩৫ ওয়াট
পজিশন লাইট	১২ ভোল্ট-৫ ওয়াট
স্টপ/টেইল লাইট	১২ ভোল্ট-২১/৫ওয়াট
টার্ণ সিগন্যাল লাইট	১২ ভোল্ট-১০ ওয়াট x ৪
ইন্সট্রুমেন্ট লাইট	১২ ভোল্ট-১.৭ ওয়াট
স্পীডোমিটার ল্যাম্প	১২ ভোল্ট-১.৭ ওয়াট
নিউট্রাল ইন্ডিকেটর	১২ ভোল্ট-১.৭ ওয়াট
টার্ণ সিগন্যাল ইন্ডিকেটর	১২ ভোল্ট-১.৭ ওয়াট
হাই বীম ইন্ডিকেটর	১২ ভোল্ট-১.৭ ওয়াট

ফিউজ

মেইন ফিউজ	১৫ এম্পিয়ার
সাব ফিউজ	১০ এম্পিয়ার

হোন্ডা

বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেড
চর বাউশিয়া, গজারিয়া, মুন্সিগঞ্জ

“ সত্যি করে দেব স্বপ্ন ”